(ক) ৩৫নং বৃহৎ পদ্যের শেষ কথায় অনুবাদটুকু অর্থবোধের সুবিধার জন্য প্রথমেই প্রদত্ত হইল। অনুসন্ধিৎসু পাঠক দেখিয়া লইবেন।

কুরুভিঃ সাম্বে বদ্ধে যদুনিবহে সন্নদ্ধে
স্বয়মথ সন্ধিং কলয়ন্! শান্তান্ সঙ্গে বলয়ন্!।
কুরু নগরং লঘু গতবন্! তদ্দুর্ব্বচনং শ্রুতবন্! (ক) ॥
তেষাং পুরমুৎকলয়ন্! বলিতক্রোধং হলয়ন্!।
গজসাহ্বয়মাকর্ষণ! পরিতশ্চিত্রং বর্ষন্! ॥
ভীতকুরুশ্রিতপাদ! কৃপয়া ত্যক্তবিবাদ!।
বধূসুতযৌতকসঙ্গি! গৃহমাগা বহুরঙ্গি! ॥

কুরুভির্দুর্য্যোধনাদিভিরন্যায়যুদ্ধেন সাম্বে বদ্ধে সতি তচ্ছ্রুত্বা যদুসমূহে সন্নদ্ধে যুদ্ধায় কৃতসজ্জে সতি সন্ধিং মিত্রতাং কলয়ন্ কুর্ব্বন্ শান্তান্ ব্রাহ্মণাদীন্ সঙ্গে বলয়ন্ যোজয়ন্। কুরুনগরং হস্তিনাং লঘু শীঘ্রং হে গতবন্। তেষাং দুর্ব্বচনং হে শ্রুতবন্। তেষাং কুরূণাং পুরং উৎকলয়ন্ উর্দ্ধং দৃষ্ট্বা পশ্যন্ বলিতক্রোধং কৃতরোষং যথা স্যাত্তথা হলয়ন্ হলেন যোজয়ন্ গজসাহ্বয়ং হস্তিনাপুরমাকর্ষন্ পরিতঃ সর্ব্বত্র চিত্রমাশ্চর্য্যং বর্ষন্। ভীতান্ যে কুরব তৈস্তে শ্রিতৌ আশ্রিতৌ পাদৌ যস্য হে স। কৃপয়া ত্যক্তঃ পরিহৃতো বিবাদো যেন হে স। বধূর্লক্ষণাসুতঃ সাম্বঃ যৌতকানি উপঢৌকনানি তেষাং সঙ্গ বিশিষ্ট, যদ্বা এতেষাং সঙ্গোঽস্যাস্তীতি হে স। বহুরঙ্গেণ বিশিষ্টং

কৌতূহলাক্রান্ত হইয়াছিলেন। পরে আপনি কপিকুলের মধ্যে দুষ্ট দ্বিবিদকে অনেক বিলম্বে বধ করেন। তৎকালে দেবগণ এবং মুনিগণ প্রণাম করিয়া আপনাকে সন্তুষ্ট করিয়া থাকেন।

তৎপরে দুর্য্যোধনাদি কৌরবগণ, অন্যায় যুদ্ধে সাম্বকে বদ্ধ করিলে, এবং তাহা শুনিয়া যাদবগণ যুদ্ধের জন্য সজ্জিত হইলে, অনন্তর তুমি স্বয়ং সন্ধি করিবার জন্য, শান্তশীল ব্রাহ্মণদিগকে সঙ্গে লইয়া শীঘ্র কুরুপুরী হস্তিনায় গমনপূর্ব্বক তাহাদের অনেক দুর্ব্বাক্য শ্রবণ করিয়াছিলেন। পরে কৌরবদিগের পুরী উর্দ্ধ দৃষ্টিতে দর্শনপূর্ব্বক কোপাধীন হইয়া হল-যোজনা-পূর্ব্বক হস্তিনাপুর আকর্ষণ করেন। তাহাতে চারিদিকেই আশ্চর্য্য প্রদর্শন করেন। তখন কুরুগণ ভীত হইয়া আপনার দুই চরণ অবলম্বন করে। আপনিও কৃপা করিয়া বিবাদ পরি-

(ক) গতবান্ শ্রুতবান্। ইত্যানন্দপাঠঃ। সতু ন সঙ্গতঃ। সম্বোধনান্তক্রম ভঙ্গদোষাৎ।

সম্প্রতি সহসহজন্ম ! গোকুলমৈর্নিজজন্ম ।
জয় জয় জয় বলরাম ! কেবল মনুজারাম ! ॥

॥ ইতি ॥ ৩৫ ॥

অথ শ্রীরাধা-মাধবয়োঃ সদস্যপি কথকঃ স তয়োঃ সুখায় পর্য্যবস্যতি স্ম ॥ ৩৬ ॥

যথা চাহ স্ম—
যদবধি গোকুলদেশাদ্গতবান্ সঙ্কর্ষণঃ কৃষ্ণম্ ।
তদবধি সঙ্কর্ষণতাং তং প্রতি স গতঃ স্বঘোষায় ॥৩৭॥

যথা স্যাত্তথা গৃহমাগা হে গতবন্ । সহ জন্মনা শ্রীকৃষ্ণেণ সহ নিজস্য জন্ম যত্র তদ্গোত্রাঃকুলঃ অগমঃ ॥ ৩৫ ॥

ততঃ কথকঃ কিং কৃতবান্ ইত্যপেক্ষায়াং স্বয়ং কবির্ব্বর্ণয়তি—অথেতিগদ্যেন । সদস্যপি সভায়ামপি তয়োঃ শ্রীরাধামাধবয়োঃ পর্য্যবস্যতিস্ম সমর্থোঽভবৎ ॥ ৩৬ ॥

যথাসুখয়ৎ তদ্বর্ণয়তি যদবধীতি । যদবধি সঙ্কর্ষণো গোকুলদেশাৎ কৃষ্ণং গতবান্ সঙ্গতঃ তদবধি স কৃষ্ণঃ স্বঘোষায় স্বগোষ্ঠং প্রাপ্তুং তং সঙ্কর্ষণং প্রতি সঙ্কর্ষণতাং নিয়োজকতাং গতঃ ॥৩৭॥

ত্যাগ করেন। পরে বধূলক্ষণা, ভ্রাতুষ্পুত্র সাম্ব, এবং বিবিধ উপহার সঙ্গে লইয়া, নানারঙ্গে আপনি গৃহে আসিয়াছিলেন। সম্প্রতি আপনি অনুজের সহিত নিজ জন্মভূমি গোকুলে আগমন করিয়াছেন? হে মানবের একমাত্র আরামপ্রদ বলরাম! আপনার পুনঃ পুনঃ জয় হৌক ॥ ৩৫ ॥

অনন্তর সেই কথক সেই শ্রীকৃষ্ণ এবং রাধিকার সভাতে তাঁহাদের সুখোৎপাদন করিতে সমর্থ হইয়াছিল, এবং বলিয়াছিল, ॥ ৩৬ ॥

যে অবধি বলরাম গোকুল প্রদেশ হইতে শ্রীকৃষ্ণের নিকটে গমন করিয়াছিলেন, তদবধি শ্রীকৃষ্ণ নিজ গোষ্ঠ পাইবার জন্য বলরামের প্রতি নিয়োগকর্ত্তা হইয়াছিলেন ॥ ৩৭ ॥

ব্রজমনু কৃষ্ণাকৃষ্টিঃ, যান্যেনাসাবসূক্ষ্মদৃগ্‌দৃষ্টিঃ।
সূক্ষ্মদৃশাং মতিরেবং, রাধে! ত্বয়ি মূলমত্র সদ্‌গুণতা ॥৩৮॥

সমাপনঞ্চাহ স্ম—

এতাবতালমতিবিস্তরবর্ণনেন
প্রত্যক্ষমেব তদিদং বৃষভানুপুত্রি!।
সোঽয়ং প্রিয়স্তব মুখং সুখবাষ্পকীর্ণং
নির্ব্বর্ণ্য শশ্বদিহ পশ্য ভৃশং বিভাতি ॥ ৩৯ ॥

তত্র সঙ্গমনে মুখ্যহেতুং বর্ণয়তি—ব্রজমিতি। ব্রজমনুলক্ষীকৃত্য যা কৃষ্ণস্য আকৃষ্টিরাকর্ষণং অন্যেন হেতুনা অসৌ অসূক্ষ্মদৃশাং দৃষ্টির্জ্ঞানং, হে রাধে! সূক্ষ্মদৃশামেবং মতির্জ্ঞানং অত্র কৃষ্ণাকৃষ্টৌ ত্বয়ি সদ্‌গুণতামূলম্ ॥ ৩৮ ॥

অধুনা সমাপনং বর্ণয়তি—এতাবতেতি। হে বৃষভানুপুত্রি! রাধে! অতিবিস্তরবর্ণনেন এতাবতা অলং নিষ্প্রয়োজনং তদিদং প্রত্যক্ষমেব সোঽয়ং প্রিয়ঃ শ্রীকৃষ্ণ স্তব সুখবাষ্পকীর্ণং সুখাশ্রুকলিলং মুখং নির্ব্বর্ণ্য দৃষ্ট্বা শশ্বত্তত্রাপি বিভাতি বিরাজতে, পশ্য ॥ ৩৯ ॥

হে রাধিকে! ব্রজের উদ্দেশে যে শ্রীকৃষ্ণকে (দ্বারকা হইতে) আকর্ষণ করা হয়, এ বিষয়ে স্থূল দৃষ্টি ব্যক্তিগণের ইহাই জ্ঞান যে, তাহা অন্য কোনও কারণে হইয়াছে। কিন্তু সূক্ষ্মদৃষ্টি ব্যক্তিগণের এইরূপ জ্ঞান হইয়া থাকে যে, হে রাধিকে! আপনাতে যে সদ্‌গুণরাশি বিদ্যমান আছে, তাহাই কৃষ্ণ আকর্ষণের একমাত্র মূল কারণ ॥ ৩৮ ॥

সমাপন করিয়া বলিতে লাগিল। হে বৃষভানুনন্দিনি! এত অধিক বিস্তারিত বর্ণনে কোন প্রয়োজন নাই। যাহা বলিলাম, তাহার প্রত্যক্ষই রহিয়াছে। এই প্রিয়তম শ্রীকৃষ্ণ তোমার আনন্দাশ্রুপূর্ণ বদনশশী নিরীক্ষণ করিয়া, অবিরত এইস্থানেই বিরাজ করিতেছেন, দর্শন কর ॥ ৩৯ ॥

তদেবং কথাং সমাপ্য সর্ব্বেণ সহ গতয়োঃ কথকয়োঃ শ্রীরাধা-কৃষ্ণাবাত্মতৃষ্ণানুরূপমেব সদনমাসাদতাম্ ॥ ৪০ ॥

ইতি শ্রীমদুত্তরগোপালচম্পূমনু দ্বিবিদ-
হস্তিনাপুরধ্বস্তির্নাম দ্বাবিংশং
পূরণম্ ॥ ২২ ॥

নিগমর্হত্তি—তদেবমিতিগদ্যেন। আত্মতৃষ্ণানুরূপং আত্মস্পৃহানুরূপং আসাদতাং সঙ্গতৌ বভূবতুঃ ॥ ৪০ ॥

ইতি দ্বাবিংশং পূরণম্ ॥ ০ ॥

অতএব এই প্রকারে কথা সমাপন করিয়া কথকদ্বয়, সকলের সহিত গমন করিলে, শ্রীকৃষ্ণ এবং রাধিকা আপনার ইচ্ছানুরূপ ভবনেই গমন করিয়াছিলেন ॥ ৪০ ॥

ইতি শ্রীউত্তর গোপালচম্পূকাব্যে দ্বিবিদবানর-বিনাশ এবং হস্তিনাপুরের-ধ্বংস নামক দ্বাবিংশ পূরণ ॥ ০ ॥ ০ ॥ ০ ॥ ০ ॥ ২২ ॥

ত্রয়োবিংশং পূরণম্

শ্রীনন্দাদিসম্মিলনী কুরুক্ষেত্রযাত্রা।

অথ দিনান্তরে লব্ধস্বনন্দনশ্রীমন্নন্দরাজবিরাজমানসভান্তরে মধুকণ্ঠশ্চেতসি চিন্তয়ামাস ॥

অথ কুরুক্ষেত্রযাত্রাকথনপাত্রায় সম্পাদ্যতে স্ম ॥

শ্রীশুকদেবস্তু, যুগপত্তত্তল্লীলাস্ফুরণপুরস্কৃতপ্রেমময়-

শ্রীমদুত্তরগোপালচম্প্বাং বহুসুখাত্মকে। কুরুক্ষেত্রে গতিঃ প্রোক্তা ত্রয়োবিংশাখ্যপূরণে ॥ • ॥

অথ তদনন্তরীয়লীলাং বর্ণয়িতুং স্বয়ং কবিঃ প্রক্রমতে—অথেতিগদ্যেন। লব্ধঃ স্বস্য নন্দনঃ শ্রীকৃষ্ণো যেন স চাসৌ শ্রীমন্নন্দরাজশ্চেতি তেন বিরাজমানং সভান্তরং সভামধ্যং তস্মিন্, কুরুক্ষেত্রযাত্রাকথনপাত্রায় কুরুক্ষেত্রযাত্রাকথনং পাত্রো যোগ্যং তস্মৈ সম্পাদ্যতে, নন্ত, কুরুক্ষেত্রযাত্রা শ্রীদশমে শ্রীবলদেবস্য তীর্থযাত্রানন্তরং শ্রীদামমিত্রস্য দারিদ্র্যখণ্ডনানন্তরঞ্চ বর্ণিতা, কথমত্র বর্ণনায় যুজ্যতে, তত্রাহ শ্রীশুকদেবস্ত্বিতি। যুগপদেকদা তত্তল্লীলানাং বহু স্ফুরণং স্ফূর্ত্তিস্তেন পুরস্কৃতঃ সংকৃতঃ স্বীকৃতো

এই মনোহর উত্তর গোপালচম্পূর ত্রয়োবিংশ পূরণে বহু সুখাত্মক কুরুক্ষেত্রযাত্রা বর্ণিত হইবে।

অনন্তর অন্য দিবসে শ্রীমান্ ব্রজরাজ, আপনার পুত্রকে প্রাপ্ত হইয়া যে সভায় বিরাজ করিতে ছিলেন, সেই সভামধ্যে মধুকণ্ঠ মনে মনে চিন্তা করিতে লাগিলেন ॥ ১ ॥

অনন্তর কুরুক্ষেত্রে যাত্রা কথন উপযুক্ত বলিয়া বোধ হইতেছে (ক)।

শ্রীশুকদেব এককালে তত্তৎবিবিধ লীলার স্ফুরণদ্বারা যে প্রচুরপ্রেমপূর্ণ অনবধানতা আদৃত বা স্বীকৃত হইয়াছে, তাহা হইতেই সেই কুরুক্ষেত্রে যাত্রা দূরে

(ক) এইস্থানে এইরূপ আপত্তি উত্থিত হইয়া থাকে যে, শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধে শ্রীবলদেবের তীর্থ যাত্রার পর, এবং শ্রীদামের দারিদ্র্য দুঃখ ভঞ্জনের পর কুরুক্ষেত্রে যাত্রা বর্ণিত হইয়াছিল, তবে যে কেন এইস্থানে বর্ণিত হইতেছে; তাহা বলা যাইতেছে।

প্রমাদাদেব তাং দূরে প্রতিপদ্যতে স্ম। যেন হি সা ভীষ্ম-দ্রোণদুর্য্যোধনাগমনময়ী ঘটিতা। দুর্য্যোধনবধকালপর্য্যন্তা শ্রীরামস্য তীর্থপর্য্যটনা তু, তৎপূর্ব্বং পঠিতা। তথা কংসবধা-নাতিবিলম্বসম্বলনয়া কুরুক্ষেত্রযাত্রায়ামেবার্জ্জুনমাত্রা সহ বসুদেবসম্বদনমিদং সম্বদতে॥

"কংসপ্রতাপিতাঃ সর্ব্বে বয়ং যাতা দিশং দিশম্।
এতর্হ্যেব পুনঃ স্থানং দৈবেনাসাদিতাঃ স্বসঃ!" ॥ ইতি॥১-২

অথ ব্যক্তমুক্তবান্—তদেবং স্থিতে পুনর্দ্বাবাজগ্মতু-

বা যঃ প্রেমময়ঃ প্রেমপ্রচুরঃ প্রমাদোঽনবধানতা তস্মাদেব তাং কুরুক্ষেত্রযাত্রাং দূরে প্রতিপাদয়া-মাস, যেন হি প্রেমময়প্রমাদেন হি সা কুরুক্ষেত্রযাত্রা, ভীষ্মদ্রোণদুর্য্যোধনাগমনময়ী ঘটিতা, দুর্য্যোধনবধকালপর্য্যন্তঃ শেষো যস্যাঃ সা তত্ত্বং পূর্ব্বং প্রপঠিতা। নাতিবিলম্বসম্বলনয়া নাতি-বিলম্বস্য যা সম্বলনা যোজনা তয়া অর্জ্জুনমাত্রা কুন্ত্যা বসুদেবস্য সম্বদনং সংলাপঃ সম্বদতে সাদৃশ্যং বদতি। তদ্বসুদেববচনং লিখতি—কংসেতি। কংসেন প্রতাপিতা নানাদৌরাত্মেন সন্তাপিতাঃ, হে স্বসঃ! হে ভগিনি!॥ ১—২॥

স মধুকণ্ঠোঽথ ব্যক্তং স্পষ্টমুক্তবান্ যথা তদ্বর্ণয়তি—তদেবমিতি গদ্যেন। তস্মিন্ মধুপুরে

প্রতিপাদন করিয়াছেন। কারণ, ঐ প্রেমপূর্ণ প্রমাদ বশতই সেই কুরুক্ষেত্র-যাত্রা ভীষ্ম, দ্রোণ এবং দুর্য্যোধনের আগমনদ্বারা সংঘটিত হইয়া, শেষে দুর্য্যোধনের বধকালে সমাপ্ত হইয়াছে। কিন্তু বলরামের তীর্থপর্য্যটন কুরুক্ষেত্র-যাত্রার পূর্ব্বেই পঠিত হইয়াছে। এবং কংসবধের পর অতিশয় বিলম্ব যোজনা না করিয়া কুরুক্ষেত্র যাত্রায় অর্জ্জুন-জননী কুন্তীর সহিত বসুদেবের যে নির্জ্জনে আলাপ হইয়াছিল, তাহাই ইহার সাদৃশ্য বলিতেছে। সেই আলাপ এইরূপ, যথা:—হে ভগিনী! আমরা কংস কর্ত্তৃক উপতাপিত হইয়া নানাদিকে গমন করিয়াছিলাম। এই সময়ে দৈবক্রমে আমরা এস্থান প্রাপ্ত হইয়াছি॥ ২॥

অনন্তর মধুকণ্ঠ স্পষ্ট বলিতে লাগিল। এইরূপ ঘটিবার পর পুনর্ব্বার দুইজন

রূচতুশ্চ—তস্মিন্নরিষ্টঘাতী সর্ব্বেষাং রিষ্টতাহতির্বিরাজতে, সম্প্রতি ত্রিলোকীজনানামপি যুগপৎকৃতনেত্রসুখভাতির্ভবিতেতি লক্ষ্যতে। যস্মাজ্জ্যোতির্বিদ্ভির্দ্যোতিতমহদহর্পতিগ্রহণং নিশম্য সম্যক্ কৃততন্মহিমবন্দনঃ শ্রীমান্ ভবন্নন্দনঃ প্রাচিতবিশ্বানন্দনঃ সুপর্ব্বনির্ম্মিতসেবঃ স্বয়মেব সর্ব্বযদুদেবঃ প্রথিতসুখপোষণাং সমন্তাদ্ঘোষণাং প্রদায় সসম্প্রদায়ঃ কুরুক্ষেত্রমাগন্তুং শস্তুরস্তীতি ॥ ৩ ॥

তদেতদ্দূত-বচনান্তে নিশান্তে স্বপত্ন্যা সম্মন্ত্র্য সভায়াং সভাজনতয়া চ ব্রজেশিতা মন্ত্রয়ামাস। অস্মাকং তদেকতৃষ্ণ-

অরিষ্টঘাতী কৃষ্ণঃ সর্ব্বেষাং রিষ্টতা অভাবতা তস্যা হতি যেন স বিরাজতে, যুগপৎকৃতনেত্রসুখভাতিঃ একদা কৃতা নেত্রাণাং সুখস্য ভাতি দীপ্তি যেন স ভবিতেতি লক্ষ্যতেঽনুভূয়তে। দ্যোতিতং প্রকাশিতং মহৎ সুদীর্ঘং অহর্পতেঃ সূর্য্যস্য গ্রহণং নিশম্য শ্রুত্বা সম্যক্ কৃতং তস্য সূর্য্যগ্রহণস্য মহিম্নো মহিমায়া বন্দনং স্তবনং যেন সঃ, প্রচিতং ব্যাপ্তং বিশ্বস্যানন্দনং মোদনং যেন সঃ, সুপর্ব্বভি র্দ্দেবৈ নির্ম্মিতা সেবা যস্য সঃ, প্রথিতং সুখস্য পোষণং যস্যাং তাং ঘোষণাং সমস্তাৎ প্রদায় সসম্প্রদায়ঃ সম্প্রদায়েন সমাজেন সহ বর্ত্তমানঃ শস্তুরালোচকঃ প্রণিধানকর্ত্তা, শমধাতোস্তুপ্রত্যয়ো বহুলবচনাৎ লিঙলোপশ্চ ॥ ৩ ॥

ততো যদ্বৃত্তমভূত্তদ্বর্ণয়তি—তদেতদিতি গদ্যেন। দূতবচনস্য অন্তে বিরামে নিশান্তে গৃহে

দূত আগমন করিয়াছিল, এবং বলিয়াছিল। সেই যদুপুরে শত্রুবিনাশী শ্রীকৃষ্ণ, সকলের অভাব দূর করিয়া বিরাজ করিতেছেন। এক্ষণে তিনি ত্রিভুবন নিবাসী ব্যক্তিগণেরও এককালে যে নেত্র সমূহের সুখ প্রদীপ্ত করিবেন, ইহা অনুভূত হইতেছে। যেহেতু জ্যোতির্ব্বিদ্গণ প্রকাশ করিয়াছেন, সুদীর্ঘ সূর্য্যগ্রহণের কথা শ্রবণ করিয়া শ্রীমান্ ভবদীয় পুত্র, সম্যক্রূপে সূর্য্যগ্রহণের মাহাত্ম্যকে বন্দনা করেন; এবং তিনি তাহাতে বিশ্বসংসারকে আনন্দব্যাপ্ত করেন; এবং দেবগণও তাঁহার সেবা করেন। এইরূপে স্বয়ংই সকল যদুবংশের অধীশ্বর শ্রীকৃষ্ণ, যাহাতে সুখ পুষ্টি বিস্তারিত হয়, এইরূপভাবে চারিদিকে ঘোষণা দিয়া, সমস্ত সমাজের সহিত কুরুক্ষেত্রে আগমন করিতে আলোচনা করিতেছেন ॥ ৩ ॥

এইরূপ দূতবাক্যের অবসান হইলে, অগ্রে নিজপত্নী যশোদার সহিত গৃহে

জামপি তৎসন্নিধিনিধিং গন্তুমুদ্যতানাং বিধির্ব্বিরোধী বর্ত্ততে। তস্য পুনরাগমনং মনসাপি দুর্গমমিতি (ক) ভবদ্ভিরনুভবদ্ভিরেব স্থীয়তে। (খ) সম্প্রতি শ্রূয়তে, সূর্য্যগ্রহণমনু পূর্য্যমাণকুতুকতয়া কুরুক্ষেত্রাগমনায় কৃতাগ্রহচয়ঃ স সম্ভূতভবৎপ্রণয়স্তত্র বিরাজত ইতি। তত্র চ তীর্থযাত্রায়াং জগন্মাত্রাগমনপাত্রতাং গতায়াং নাস্মাকং গমনং বিস্ময়কং ভবতীতি তদুক্তঃ (গ) স খল্বস্মাসু তদীয়সুহৃদ্বুদ্ধ্যা দুষ্টদ্বেষদোষস্তু ন পোষং লভত ইতি ॥ ৪ ॥

স্বপত্ন্যা শ্রীযশোদয়া সহ সংমন্ত্র্য সভাবজনতয়া সমানো ভাবো যস্যা এবম্ভূতা যা জনতা জনসমূহস্তয়া চ সহ ব্রজেশিতা ব্রজরাজো মন্ত্রিতবান্। মন্ত্রণাং বর্ণয়তি—অস্মাকমিত্যাদিনা। তদেকতৃষ্ণজাং তস্মিন্ কৃষ্ণে যা একা তৃষ্ণা তস্মাজ্জাতাং বাহুল্যাৎ জ্রশ্বঃ। তস্য কৃষ্ণস্য সন্নিধি নিকট এব নিধিরত্নং বিধির্দ্দৌর্ভাগ্যং বিরোধী বিঘাতকঃ তস্য কৃষ্ণস্য পূর্য্যমাণকুতুকতয়া পূর্য্যমাণং কুতুকং যস্য তদ্ভাবতয়া কৃত আগ্রহচয় আগ্রহসমূহো যস্য সঃ, সম্ভূতভবৎপ্রণয়ঃ সম্ভূতঃ পূর্ণো ভবৎপ্রণয়ো যস্য সঃ, তৎ দ্বারকায়াং জগন্মাত্রাগমনপাত্রতাং জগন্মাত্রস্য আগমনে পাত্রতামাধারতাং গতায়াং তীর্থযাত্রায়াং অস্মাকং গমনং বিস্ময়কং অপূর্ব্বং ভবতি, ইতি হেতোঃ কথঞ্চিৎ তেন কৃষ্ণেণোক্তোদোষঃ মমাধুনা ব্রজাগমনে ভবতামত্রপ্রাপণেন শক্রকৃতপীড়া স্যাদিতি, সন্নিধিভবান্ উক্তঃ তদীয়সুহৃদ্বুদ্ধ্যা দুষ্টানাং এতে কৃষ্ণসম্বন্ধিনঃ সুহৃদঃ এতদ্বুদ্ধ্যা দ্বেষেণ যো দোষঃ স তুন পোষং পুষ্টতাম্ ॥ ৪ ॥

মন্ত্রণা পূর্ব্বক, সভামধ্যে সমানভাবসম্পন্ন জনসমূহের সহিতও মন্ত্রণা করিয়াছিলেন। ব্রজরাজ মন্ত্রণা করিলেন, দেখ, একমাত্র শ্রীকৃষ্ণের উপরে আমাদের লালসা রহিয়াছে। এবং আমরা সকলেই কৃষ্ণের নৈকট্যরূপ রত্ন পাইতে, অর্থাৎ তাঁহার নিকটে যাইতে উদ্যত হইয়াছি। তথাপি বিধাতা আমাদের প্রতি প্রতিকূল হইতেছেন। শ্রীকৃষ্ণের পুনর্ব্বার আগমন যে মনেও জানিতে পারা যায় না, ইহা আপনারা সকলেই অনুভব করিয়া রহিয়াছেন। সম্প্রতি শোনা যাইতেছে যে, সূর্য্যগ্রহণ উপলক্ষ্যে কৌতূহল সম্পূর্ণ করিবার জন্য কুরুক্ষেত্রে আসিতে নানাবিধ আগ্রহ করিয়া, তিনি তোমাদের উপর প্রণয়-পরিপূর্ণ করিয়া তথায় বিরাজ করিতেছেন। সেই কুরুক্ষেত্রতীর্থ যাত্রা উপলক্ষ্যে জগৎ মাত্রেরই

(ক) মনসাতিদুর্গমম্। ইতি গৌরপাঠঃ।
(খ) অনুভবদ্ভিঃ। ইত্যানন্দপুস্তকে নাস্তি।
(গ) তদুক্তঃ ইত্যত্র কথঞ্চিদুক্তঃ। ইতি মাওপাঠঃ।

অথ সর্ব্বে সহর্ষাশ্রুবর্ষমূচুঃ—সম্যগিদং রম্যমুক্তং, কিন্তু ব্রজরক্ষণায় কে রক্ষণীয়াস্তে লক্ষণীয়াঃ ॥ ৫ ॥

যতঃ ;—

যেষাং ধাম ধনাত্মজাত্মবলিতং সর্ব্বং পরং যৎকৃতে
তেষাং তদ্বিরহে চিরেঽপি ঝটিতি প্রাপ্ত্যাবসম্ভাবিনাম্।
গোপানাং কুরুভূমিযাত্রিকগতিব্যাজেন তল্লম্ভন-
প্রত্যাসত্তিযুজাং ভবেৎ কতময়া যুক্ত্যা ততো বারণম্ ॥৬ ॥

তস্মল্লণাং নিশম্য সর্ব্বে সহর্ষাশ্রুবনং যদূচু স্তদ্বর্ণয়তি—অথেতিগদ্যেন। রক্ষণীয়াঃ স্থাপিতা স্তেন লক্ষণীয়া আলোচনীয়াশ্চ ॥ ৫ ॥

যতঃ সর্ব্বেঽপি তং দ্রষ্টুমুৎসুকা অতঃ কেঽপি ব্রজে নাসন্, তত্র হেতুং যদবদন্ তদ্বর্ণয়তি—যেষামিতি। যৎকৃতে যস্য কৃষ্ণস্য নিমিত্তায় যেষাং ব্রজবাসিনাং ধাম গৃহং ধনঞ্চ আত্মজাঃ পুত্রাদয়ঃ আত্মা দেহ স্তৈর্ব্বর্ণিতং সম্বন্ধং সর্ব্বং পরং কেবলং তেষাং চিরোঽপি তদ্বিরহে ঝটিতি শীঘ্রং প্রাপ্তৌ অসম্ভাবিনাং সম্ভাবনারহিতানাং গোপানাং কুরুভূমিযাত্রিকগতিব্যাজেন কুরুক্ষেত্রে

লোক আগমন করিবে, এবং সেই সকল লোকে তীর্থস্থান পরিপূর্ণ হইবে। তাহা হইলে, সেই তীর্থ যাত্রায় আমাদের গমনও বিস্ময়কর নহে (ক)। এই কারণে শ্রীকৃষ্ণ যে দোষের কথা বলিয়াছেন, (অর্থাৎ আমার এক্ষণে ব্রজে আগমন হইলে, এবং আপনাদিগেকেও তথায় লইয়া গেলে আপনারা আমার আত্মীয় এই ভাবিয়া শত্রুগণ কষ্ট দিবে; এইরূপ প্রকাশ করিয়াছেন) কিন্তু দুষ্টলোকদিগের দ্বেষ থাকিলেও সে দোষ, আমাদের উপরে পুষ্টিলাভ করিতে পারিবে না ॥ ৪ ॥

অনন্তর সকলে আনন্দাশ্রুপাত করিয়া বলিতে লাগিল। এইরূপ মনোহর বাক্য আপনি যথার্থই বলিয়াছেন। কিন্তু ব্রজ রক্ষা করিবার জন্য কাহাদিগকে রাখা যাইবে; আপনি তাহাদিগকেই লক্ষ্য করিবেন ॥ ৫ ॥

কারণ যে সকল ব্রজবাসী ব্যক্তিগণের গৃহ, ধন, পুত্রপৌত্রাদি, এবং দেহসংক্রান্ত সমস্ত

(ক) শ্রীব্রজমণ্ডল হইতে দ্বারকা সুদূর পশ্চিমে অবস্থিত। ইন্দ্র প্রস্থ বা বর্ত্তমান দিল্লীর পশ্চিমে ও অপেক্ষাকৃত নিকটে কুরুক্ষেত্র (থানেশ্বর) বর্ত্তমান। এজন্য তাহা দ্বারকাপেক্ষায় অতি নিকটে হওয়ায় তথায় যাইতে নন্দাদির আগ্রহ।

তদিদং চিরায় বিচারয়ৎসু ব্রজসভাসৎসু দ্বারকাধিপতেঃ পত্রিকায়াতা ॥ ৭ ॥

যথা ;—

যাবচ্ছত্রুক্ষয়ং ন ব্যতিমিলনকৃতেঽস্মাভিরুদ্‌যুক্তিরিষ্টা

তস্মাৎ ক্লিষ্টা বয়ং তৎপ্রতিবিধিমধুনা তাত! লব্ধাশ্চিরেণ।

অস্মিন্ সূর্য্যগ্রহে যন্নিখিলজনতয়া পূর্য্যমাণং কুরূণাং

ক্ষেত্রং ব্যাজায় কুর্য্যামহমথ ভবতামঞ্জসা সঞ্জনায় ॥ ৮ ॥

যাত্রিকঃ পথিক স্তস্যেব যা গতি স্তস্যা ব্যাজেন ছলেন তল্লম্ভনপ্রত্যাসত্তিযুজাং তস্য কৃষ্ণস্য লম্ভনং প্রাপ্তি স্তস্য প্রত্যাসত্তি নৈকট্যং তয়া যুজাং যুক্তানাং কতময়া যুক্ত্যা ততঃ কুরুক্ষেত্রগতের্ব্বারণং ভবেৎ। অতঃ সর্ব্বেঽপি গচ্ছেয়ুরিতি ॥ ৬ ॥

অতঃ কো নিশ্চয়ো বভূব ইত্যপেক্ষায়ামাহ—তদিদমিতিগদ্যেন। চিরায় চিরং দ্বারকাধিপতেঃ কৃষ্ণস্য আয়াতা আগতা ॥ ৭ ॥

তাং পত্রিকাং বর্ণয়তি—যাবদিতি। হে তাত! হে পিতঃ! যাবন্ন শত্রুক্ষয়ং জাতং তাবৎ ব্যতিমিলনকৃতে পরস্পরমিলনায় অস্মাভিঃ উদধিকা যুক্তিরিষ্টা কামিতা তস্মাদ্ধেতোর্ব্বয়ং ক্লিষ্টাঃ সন্তঃ অধুনা তৎপ্রতিবিধিং তদুপায়ং চিরেণ চিরকালান্তরং লব্ধাঃ সংগতাঃ, তৎপ্রতিবিধিং বর্ণয়তি—অস্মিন্ সূর্য্যগ্রহণে কুরুক্ষেত্রং নিখিলজনতয়া যৎ পূর্য্যমাণং ভবেৎ, অথ অতোঽঞ্জসা অনায়াসেন ভবতাং সঞ্জনায় মিলনায় ব্যাজায় অহং কুর্য্যাম্ ॥ ৮ ॥

কেবল শ্রীকৃষ্ণের নিমিত্ত, সেই সমস্ত ব্রজবাসীদিগের কৃষ্ণবিরহ বহুদিনের হইলেও তাহারা শীঘ্র কৃষ্ণপ্রাপ্তি সম্ভাবনা করে না। এইহেতু গোপগণ, পথিকবেশে কুরুক্ষেত্রে যাইবার ছল করিতেছে, এবং তাহা করিলে যে, শ্রীকৃষ্ণলাভ নিকটবর্ত্তী, এইরূপ প্রত্যাশা করিতেছে। অতএব কোন্ যুক্তি অনুসারে তাহাদিগকে কুরুক্ষেত্রযাত্রা হইতে নিবারণ করা যাইতে পারে? তাহাতেই বোধ হইতেছে যে, সকলেই গমন করিবে ॥ ৬ ॥

অতএব এইরূপে ব্রজবাসীসভ্যগণ অনেকক্ষণ বিচার করিলে পর, দ্বারকাপতি শ্রীকৃষ্ণের এক পত্রিকা আসিয়াছিল ॥ ৭ ॥

যথা :—হে পিতঃ! যে পর্য্যন্ত না শত্রুনাশ হইয়াছিল, সেই পর্য্যন্ত আমরা পরস্পরের মিলনের জন্য সমধিক যুক্তি কামনা করিয়াছিলাম। এই কারণে

কিন্তু ;—

যদ্যপ্যহং গোকুললোকমাশু
প্রতিস্বমভ্যস্য রহো ভজামি।
তথাপি যে ন প্রতিযন্তি তেঽমী
মিলন্তু মাং তত্র পরে বসন্তু ॥ ৯ ॥

কিঞ্চ ;—

গাবো মম চিৎকল্পাঃ সখি-নিচয়াস্তত্র চ প্রাণাঃ।
তস্মাদ্বলয়িতনিষ্ঠং তাসু সদামী তু তিষ্ঠন্তু ॥ ইতি ॥ ১০ ॥

ভবতাং সঙ্গনায়েত্যনেন সর্ব্বেষামপ্যাগমনং প্রাপ্তং, কিন্তু তত্র সখীনামবস্থানং যুক্তং ইত্যভিপ্রেত্য যদলিখত্তদ্বর্ণয়তি—যদ্যপ্যহমিতি। অহং যদ্যপি গোকুললোকং প্রতিস্বং প্রত্যেকমভ্যস্য অভিগম্য রহোঽন্যাগোচরং ভজামি, তথাপি যে জনা ন প্রতিযন্তি প্রত্যয়ং ন কুর্ব্বন্তি, তে অমী জনাঃ কুরুক্ষেত্রে মাং মিলন্তু, পরে যে মৎস্ফূর্ত্তিং সাক্ষাদ্বুধ্যন্তি তে তত্র গোকুলে বসন্তু। ৯ ॥

তত্রচ সখীনামবস্থানং সযুক্তিকং লিখতি গাব ইতি। গাবো মম চিৎকল্পাশ্চিত্ততুল্যাঃ তত্র চিত্তে সখিসমূহাঃ প্রাণাঃ তস্মাদ্ধেতো স্তাসু বলয়িতনিষ্ঠং বলয়িতা নিশ্চলিতা নিষ্ঠা যত্র তদ্যথা স্যাৎ তথা সদা অমী তু সখয়ে তিষ্ঠন্তু ॥ ১০ ॥

আমরা ক্লেশ পাইয়া এক্ষণে বহুকালের পর তাহার প্রতিকার অবলম্বন করিয়াছি। সেই প্রতিকার এইরূপ, এই সূর্য্যগ্রহণ উপলক্ষে সমস্ত লোকসমূহদ্বারা কুরুক্ষেত্র পরিপূর্ণ হইবে। এই হেতু আমি অনায়াসে আপনাদের মিলন হইবার জন্য ছল করিতেছি। ৮ ॥

কিন্তু যদ্যপি আমি গোকুলবাসী প্রত্যেক লোকের নিকটে গিয়া অন্যের অসাক্ষাতে তাহাদিগকে বারবার ভজনা করি, তথাপি যে সকল লোক প্রত্যয় করিবে না, ঐ সমস্ত লোক কুরুক্ষেত্রে আমার সহিত মিলিত হৌক। অপর যে সকল ব্যক্তি আমার মূর্ত্তি সাক্ষাৎ অনুভব করিবে, তাহারা ঐ গোকুলেই বাস করুক ॥ ৯ ॥

অপিচ, ধেনুগণ আমার চিত্ত তুল্য এবং বয়স্যগণ সেই চিত্তে প্রাণসদৃশ। এই

তদেতদাকর্ণ্য সর্ব্বে স্বস্বাভিমতং বর্ণয়ন্তি স্ম। তত্র সাক্ষাৎকারনিভতদুপলম্ভবিস্রম্ভপরাণাং পরায়ণতয়া সখায়স্তু তদস্তুঙ্কারতাপ্রথনায় যথাপ্রস্তুতমেব বস্তু তত্র স্তুতবন্তঃ। অস্মৎপ্রাণকোটিনির্ম্মঞ্ছনীয়বাঞ্ছিতলেশস্য নিদেশ এবাস্মাভিরর্চ্চনীয় ইতি ॥ ১১ ॥

অথ কথাশেষং পরিবেষয়ন্নেব স্থগিতকণ্ঠতয়া মধুকণ্ঠস্তূষ্ণীকামেব পুষ্যতি স্ম। স্নিগ্ধকণ্ঠ এব সমাপনমাহ স্ম ॥ ১২ ॥

তচ্ছ্রবনানন্তরং যদ্বৃত্তমভূত্তদ্বর্ণয়তি—তদেতদিতি। তত্র গোকুলবাসিষু মধ্যে সাক্ষাৎকারনিভঃ সাক্ষাৎকারসদৃশো য স্তদুপলম্ভ উপলব্ধি স্তত্র যো বিস্রম্ভঃ বিশ্বাস স্তৎপরাণাঃ পরায়ণতয়া নিপুণতয়া সখায়স্তু তদস্তুঙ্কারতাপ্রথনায় তস্মিন শ্রীকৃষ্ণবচসি অস্তুঙ্কারতা অঙ্গীকারতা তস্যাঃ প্রথনায় খ্যাপনায় যথাপ্রস্তুতং বস্তু পদার্থং স্তুতবন্তঃ। তদ্বর্ণয়তি—অস্মদিতি। অস্মৎপ্রাণকোটিভির্নির্ম্মঞ্ছনীয়ঃ পরিচর্য্যাবিষয়ঃ শ্রীকৃষ্ণ স্তস্য বাঞ্ছিতলেশস্য নিদেশ আজ্ঞা এব অস্মাভিরর্চ্চনীয়ঃ পূজনীয় এব ॥ ১১ ॥

ততো যদ্বৃত্তমভূত্তদ্বর্ণয়তি—অথেতিগদ্যেন। স্থগিতঃ রুদ্ধঃ কণ্ঠো যস্য তদ্ভাবতয়া তূষ্ণীকতাং মৌনতাং পুপোষ, ততঃ স্নিগ্ধকণ্ঠ উবাচ— ॥ ১২ ॥

কারণে নিশ্চলভাবে অবস্থান পূর্ব্বক সেই সকল ধেনুগণের নিকটে সর্ব্বদাই এই সকল সখা অবস্থান করুক (ক) ॥ ১০ ॥

এইরূপ বাক্য শ্রবণ করিয়া সকলেই স্বস্ব অভিমতভাব বর্ণন করিতে লাগিল। গোকুলবাসী লোকদিগের মধ্যে সাক্ষাৎকারের মতন যে শ্রীকৃষ্ণের উপলব্ধি হইবে, এবং এই উপলব্ধি বিষয়ে যে বিশ্বাস, সেই বিশ্বাসপরতন্ত্র ব্যক্তিগণের সখাগণ, নিপুণতার সহিত, শ্রীকৃষ্ণের বাক্য অঙ্গীকারভাব প্রকাশ করিবার জন্য প্রকৃত পদার্থের স্তব করিয়াছিল। সেই স্তব এইরূপ :—আমাদের কোটি কোটি প্রাণদ্বারা যাঁহার পরিচর্য্যা হইয়া থাকে, সেই শ্রীকৃষ্ণ যদি কণামাত্র অভীষ্ট বিষয়ের আদেশ করেন, সেই অনুজ্ঞাও আমাদের অর্চ্চনীয় সন্দেহ নাই ॥ ১১ ॥

অনন্তর কথার শেষভাগ পরিবেশন (কীর্ত্তন) করিয়াই মধুকণ্ঠ, রুদ্ধকণ্ঠ

(ক) ব্রজবাসিগণ, কুরুক্ষেত্র-যাত্রায় কাহাকে কাহাকে লইয়া যাইবেন, কাহাকে কাহাকেই বা ব্রজ রক্ষায় রাখিয়া যাইবেন এই ভাবনা করিতেছিলেন. অথচ শ্রীকৃষ্ণই পত্রদ্বারা তাহার মীমাংসা করিয়া দিলেন। অর্থাৎ দ্বারকা হইতে কৃষ্ণ ব্রজে গিয়া নির্জ্জনে সাক্ষাৎ করিলেও যাঁহারা বিশ্বাস করেন না তাঁহারাই কুরুক্ষেত্রে আসুন। ইত্যাদি।

অকুণ্ঠামুৎকণ্ঠাং কুরু-ভুবি গতিং বঃ কলয়তাং
স্মরন্তী মদ্বুদ্ধির্বিকলতরতাং যা বলয়তে।
ইমং সা পশ্যন্তী ব্রজনৃপ! তবাত্র ব্রজভুবি
স্থিতস্যাঙ্কে কৃষ্ণং প্রমদমধুনা মাদ্যতি চিরম্ ॥ ১৩ ॥

তদেবং দিনকথা সমাপ্তা ॥

অথাগামিন্যাং যামিন্যাং শ্রীরাধামাধব-সদসি চ স্নিগ্ধকণ্ঠীকৃত-যথাবৎকথা, যথা—তত্র পতত্রিপাতিপত্রঃ প্রগুপ্তাক্ষরপাত্রং পত্রমেকং প্রেয়সীঃ প্রতি প্রস্থাপয়ামাস ॥ ১৪ ॥

তৎ স্নিগ্ধকণ্ঠবাক্যং বর্ণয়তি—অকুণ্ঠেতি। কুরুভুবি কুরুক্ষেত্রে গতিং কলয়তাং রচয়তাং বো যুষ্মাকং অকুণ্ঠাং অতিপ্রবলামুৎকণ্ঠাং স্মরন্তী যা মদ্বুদ্ধির্বিকলতরতাং মহাবৈকল্যং বলয়তে প্রাপ্নোতি, হে ব্রজনৃপ! সা মদ্বুদ্ধিঃ ব্রজভুবি স্থিতস্য তবাঙ্কে ক্রোড়ে ইমং কৃষ্ণং পশ্যন্তী প্রমদং যথা স্যাত্তথা চিরং মাদ্যতি হৃষ্যতি ॥ ১৩ ॥

তদেবং দিনকথাং সমাপ্য রাত্রিকথাং বর্ণয়িতুং প্রক্রমতে—অথাগামিন্যাং যামিন্যামিতি-গদ্যেন। আগামিন্যাং রাত্রৌ শ্রীরাধামাধবসভায়াং স্নিগ্ধকণ্ঠেন কৃতা চাসৌ যথাবৎ কথাচেতি সা তথা। পতত্রিপাতিপত্রঃ পতত্রিপাতির্গরুড়ঃ স পত্রং বাহনং যস্য সচ কৃষ্ণঃ প্রগুপ্তাক্ষরাণাং পাত্রং যোগ্যং পত্রং প্রেয়সীঃ শ্রীরাধাপ্রভৃতীঃ প্রেরিতবান্ ॥ ১৪ ॥

হইয়া মৌনভাবই অবলম্বন করিল। তখন স্নিগ্ধকণ্ঠই কথা সমাপন করিয়া বলিতে লাগিল ॥ ১২ ॥

কুরুক্ষেত্রে গমনোদ্যত আপনাদিগের অতিশয় প্রবল উৎকণ্ঠা স্মরণ করিয়া আমার যে বুদ্ধি সাতিশয় ব্যাকুল হইতেছিল; হে ব্রজরাজ! আমার সেই বুদ্ধি এক্ষণে ব্রজ-প্রদেশস্থিত আপনার ক্রোড়দেশে এই শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া আনন্দের সহিত চিরসুখে মগ্ন হইতেছে ॥ ১৩ ॥

অতএব এই প্রকারে দিবসের কথা সমাপ্ত হইয়াছিল। অনন্তর আগামিনী যামিনীতে শ্রীকৃষ্ণ এবং রাধিকার সভায়, স্নিগ্ধকণ্ঠ যেরূপ কথা বলিয়াছিল, তাহা বর্ণিত হইতেছে। তথায় গরুড়বাহন শ্রীকৃষ্ণ অত্যন্ত গোপনীয় অক্ষররাশির আধার স্বরূপ একপত্র, রাধিকাপ্রভৃতি প্রেয়সীদিগের উদ্দেশে প্রেরণ করিয়াছিলেন ॥ ১৪ ॥

যথা ;—

যদ্যপ্যাত্মৈকবেদ্যা মম লসতি মুহুঃ সঙ্গতির্যুষ্মকাভিঃ
স্ফূর্ত্তিভ্রান্ত্যা প্রতীতিস্তদপি কিল ন বস্তত্র হা ধিঙ্মমাপি।
যদ্দ্বিষ্টদ্বেষ্টৃতর্কগ্রহণমিষতয়াস্মাকমন্যোহন্যসঙ্গঃ
সম্ভাব্যস্তৎপ্রিয়াল্যঃ! কুরুভুবি সকৃদপ্যস্তু স প্রাণনায় ॥ ১৫ ॥

অথ যদা ব্রজেশ্বরীপ্রভৃতয়শ্চ সর্ব্বাশ্চলিতুমুদ্যতাস্তদা বৃন্দাবনেশ্বরীপ্রধানাশ্চ তথাবধারয়ন্তি স্ম। তত্রাথ যে তত্-

তৎ পত্রং বর্ণয়তি—যদ্যপীতি। যদ্যপি যুষ্মকাভিঃ সহ মম আত্মৈকবেদ্যা সঙ্গতি র্মুহুর্লসতি দীপ্যতে, তদপি তথাপি বো যুষ্মাকং স্ফূর্ত্তিভ্রান্ত্যা তত্র সঙ্গতৌ প্রতীতির্ন্ন মমাপি সঙ্গতিঃ হাধিক্ যদ্যস্মাদ্দ্বিষ্টাঃ স্বস্বপত্যাদিপ্রত্যনুরাগেণ দ্বেষবিষয়া বয়ং দ্বেষ্টারঃ সঙ্গবিঘাতকা এতয়োর্য স্তর্কঃ কারণং বিচারো বা তস্য অগ্রহণচ্ছলতয়া অস্মাকমন্যোহন্যসঙ্গঃ সম্ভাব্যঃ সম্ভাবনবিষয় স্তত্তস্মাৎ হে প্রিয়াল্যঃ হে প্রিয়সখ্যঃ কুরুভুবি কুরুক্ষেত্রে সকৃদপি সোহন্যোহন্যথসঙ্গঃ প্রাণনায় জীবনায় অস্তু ॥ ১৫ ॥

নন্বু. শ্রীব্রজেশ্বরাদীনাং কুরুক্ষেত্রগমনে নিশ্চয়ো বর্ণিতঃ, শ্রীব্রজেশ্বরীপ্রভৃতয়ঃ কিং বিদধুরিত্যপেক্ষায়াং বর্ণয়তি—অথেতিগদ্যেন বৃন্দাবনেশ্বরীপ্রধানাঃ শ্রীরাধাদয়ঃ তথাবধারয়ন্তি স্ম চলিতুমুদ্যোগবত্যো বভূবুঃ। কুরুক্ষেত্রগমনে অথ যে তাসাং তাসাং ভর্ত্তারো ভাসাদয়ঃ পতিম্মন্যাদয়ঃ

যথা ঃ—যদ্যপি তোমাদিগের সহিত আমার সঙ্গম বারংবার দীপ্তি পাইয়া থাকে এবং ঐ সঙ্গম কেবলমাত্র এক আত্মারই বেদ্য তথাপি তোমাদিগের স্ফূর্ত্তি-ভ্রমে এই সঙ্গতি বিষয়ে প্রতীতি হয় না, হায় ধিক্! সেই সঙ্গতি বিষয়ে আমারও প্রতীতি হয় না। অতএব তাহাতে দোষ কি। কারণ, আমরা স্ব স্ব বধূগণের উপরে অনুরাগ করাতে দ্বেষাস্পদীভূত হইয়াছি, এবং তাহারা সঙ্গব্যাঘাতকারী বলিয়া দ্বেষ্টা হইয়াছে। এই দ্বিষ্ট এবং দ্বেষ্টা উভয়ের কারণ অথবা বিচারের কোন সম্পর্ক থাকিবে না, এইরূপ ছল করিয়া আমাদের পরস্পর মিলন হইবার সম্ভাবনা আছে। অতএব হে প্রিয়সখীগণ! কুরুক্ষেত্রে একবারও যেন জীবনের জন্য পরস্পরের মিলন হয় ॥ ১৫ ॥

অনন্তর যখন ব্রজেশ্বরীপ্রভৃতি সকলেই যাইতে উপক্রম করিলেন, তখন বৃন্দাবনেশ্বরী রাধিকাপ্রভৃতি অন্যান্য রমণীগণও এইরূপ অবধারণ করিয়াছিলেন,

তত্র ভাসাদয়ঃ প্রতিবন্ধং প্রাগনুববন্ধুস্তে চ কৃষ্ণায় তৃষ্ণাভাজাং তাসামসুনিরসনব্যসনমালোচ্য সর্ব্বেষামপি তদেকভাবতাং বিলোচ্য স্বেষামপি তদবেক্ষণায়ামক্ষমতামবলোচ্য তস্মিন্নুদাসতে স্ম। স্বয়ং তু পৃথক্প্রস্থানমিচ্ছবোঽপি শ্রীকৃষ্ণরহঃসন্দেশসদেশরূপতয়ান্তরঙ্গতন্মিত্রজনৈর্ব্রজনির্জ্জনতাদোষবর্জ্জনমিষাদ্ব্রজরাজাজ্ঞামুপার্জ্জয়দ্ভিস্তে কতিচিচ্চান্যে স্বসঙ্গতিং প্রতি সৌহৃদ্যহৃদ্যতাব্যঞ্জনয়া সঞ্জয়ামাসিরে ॥ ১৬ ॥

প্রাক্প্রতিবন্ধং অনুববন্ধুস্তেচ তদা তাসাং অসুনিরসনব্যসনং প্রাণত্যজনবিপত্তিমালোচ্য তদেকভাবতাং কৃষ্ণদর্শনোৎসুকতাং বিলোচ্য তদবেক্ষণতায়াং তাসামবেক্ষণং দর্শনং নিরোধ স্তম্ভাবতায়াং অক্ষমতামবলোচ্য তস্মিন্ প্রতিবন্ধে উদাসীনা বভূবুঃ। পৃথক্ প্রস্থানং তাসাং সঙ্গং পরিত্যজ্য তত্র যানং শ্রীকৃষ্ণস্য যো রহঃসন্দেশো বৃত্তান্তঃ তস্য যা সদেশরূপতা যোগ্যতা তয়া অন্তরঙ্গতন্মিত্রজনৈ স্তস্য কৃষ্ণস্য মিত্রজনাস্তন্মিত্রজনাঃ অন্তরঙ্গাশ্চ তে তন্মিত্রজনাশ্চেতি তৈঃ ব্রজস্য যো নির্জনতাদোষশ্চৌরাদিভয়জনকতা তস্য বর্জনচ্ছলাৎ ব্রজরাজস্য আজ্ঞাং উপার্জ্জয়দ্ভিঃ সঙ্করদ্ভিঃ সহ তে তত্তদুত্র্ভাসাদয়ঃ কতিচিচ্চ তদ্ভিন্নাঃ স্বসঙ্গতিং প্রতি স্বেষাং সংযোগং প্রতি সৌহৃদ্যহৃদ্যতা সৌহৃদ্যং প্রীতি স্তস্যা যা অনুকূলতা তস্যা ব্যঞ্জনয়া প্রকাশনয়া সঞ্জয়ামাসিরে সজ্জিতবন্তঃ ॥ ১৬ ॥

অর্থাৎ যাইতে উদ্যত হইয়াছিলেন। তৎপরে তথায় তত্তৎরমণীগণের পতির আভাস স্বরূপ ছিল, (অর্থাৎ যাহারা ভাবিত, আমরা ইহাদের পতি) এবং যাহারা পূর্ব্বে প্রতিবন্ধ ঘটাইয়াছিল, তাহারাও কৃষ্ণের উদ্দেশে সমধিকবাসনাবতী ঐ সকল রমণীদিগের প্রাণত্যাগ হইবার সম্ভাবনারূপ বিপদ্ আলোচনা পূর্ব্বক, সকল লোকেরই কৃষ্ণদর্শন বিষয়ে ঔৎসুক্য স্থির করিয়া, এবং আপনাদিগেরও ঐ সকল রমণীদর্শন বিষয়ে অযোগ্যতা অবলোকন করিয়া, সেই প্রতিবন্ধ বিষয়ে উদাসীন হইয়াছিল অর্থাৎ কুরুক্ষেত্র যাত্রায় প্রতিবন্ধ করে নাই।

কিন্তু তাহারা ঐ সকল রমণীদের সঙ্গ পরিত্যাগ করিয়া স্বয়ং গমন করিতে ইচ্ছুক হইয়াছিল। তথাপি শ্রীকৃষ্ণের নির্জ্জনে যে বৃত্তান্ত, এবং নির্জ্জন-বৃত্তান্তের যোগ্যতা হেতু শ্রীকৃষ্ণের বন্ধুজন এবং অন্তরঙ্গসকল, ব্রজের নির্জ্জনতা-দোষ অর্থাৎ চৌরাদি ভয় জন্মিবে, ইত্যাদি দোষের বর্জ্জনচ্ছলে ব্রজরাজের অনুমতি

অথ স্বভাবত এব তাসু নিগূঢ়স্নেহাতিশয়াবরণা, বিশেষতস্তু স্ব সুতম্প্রতি সম্প্রতি নিরুপাধিমহাপ্রীতিকৃতাবিরহব্যাধিং বিতর্ক্য বিধূততদাবরণাঃ শ্রীব্রজেশ্বরীচরণাস্তু স্বসঙ্গত্যাগমনায় শ্রীরাধা-প্রধানাঃ প্রত্যাসন্নাশ্চক্রুঃ ॥ ১৭ ॥

তদেবং স্থিতে কুরুক্ষেত্রযাত্রানুক্রমস্তু প্রাতঃ প্রস্তো-ষ্যতে ॥ ১৮ ॥

অথ কথকঃ সমাপনমাহ স্ম ॥ ১৯ ॥

নন্থ, বৃন্দাবনেশ্বরীপ্রভৃতীনাং তথোদযোগং দৃষ্ট্বা শ্রীব্রজরাজ্ঞী কিং কৃতবতীত্যপেক্ষায়াং কথকো বর্ণয়তি—অথেতি গদ্যেন। তাসু বৃন্দাবনেশ্বরীপ্রধানাসু নিগূঢ়ো গোপ্যো যঃ স্নেহাতিশয় স্তেন আবরণং যাসাং, যাঃ স্বসুতং শ্রীকৃষ্ণং প্রতি নিরুপাধিঃ স্বাভাবিকী যা মহাপ্রীতি স্তয়া কৃতো যো বিরহব্যাধি স্তং বিতর্ক্য অনুসন্ধায় বিধূততদাবরণা বিধূতং খণ্ডিতং কৃষ্ণকান্তাত্বগোপনং যৈ স্তে স্বসঙ্গত্যাগমনায় নিজস্য যা সঙ্গতিঃ সংমিলনং তস্যা আগমনায় শ্রীরাধাপ্রধানাঃ কর্ম্মভূতাঃ প্রত্যাসন্নাশ্চক্রুঃ ॥ ১৭ ॥

নন্থ, কুরুক্ষেত্রযাত্রানুক্রমং বর্ণয় কিমিতি স্থগসে, ইত্যাশঙ্কায়ামাহ—তদেবমিতিগদ্যেন। প্রস্তোষ্যতে প্রস্তুতং করিষ্যতে ॥ ১৮ ॥

অথ স্বয়ং কবি স্তৎপ্রসঙ্গং সমাধাতুং প্রক্রমতে—অথেতিস্বল্পগদ্যেন ॥ ১৯ ॥

লইয়াছিল, তাহাদের সহিত পূর্ব্বোক্ত পতিত্বাভিমানী ব্যক্তিগণ, এবং অন্যান্য কতিপয় ব্যক্তিগণ, স্ব স্ব সংযোগের প্রতি সৌহৃদ্যজন্য প্রীতির আনুকূল্য প্রকাশ করিবার জন্য সজ্জিত হইয়াছিল ॥ ১৬ ॥

অনন্তর স্বভাবতই রাধিকাদি রমণীগণের উপর যাহার গোপনীয় সাতিশয় স্নেহ অনুষ্ঠিত হইয়াছিল, এবং বিশেষতঃ নিজপুত্রের প্রতি এক্ষণে স্বাভাবিক নিরতিশয় প্রীতিজন্য বিরহ পীড়া আশঙ্কা করিয়া যিনি "ইহারা শ্রীকৃষ্ণের পত্নী" এইরূপ গোপনভাব খণ্ডন করিয়াছিলেন; সেই পূজ্যাচরণা যশোদা নিজের মিলনে তাহা-দের আগমন হইবে বলিয়া শ্রীরাধিকা-প্রভৃতি রমণীদিগকে নিকটস্থ করিয়া-ছিলেন ॥ ১৭ ॥

এইরূপ ঘটনা ঘটিলে পর, প্রাতঃকালে কুরুক্ষেত্রে যাত্রা করিবার প্রণালী প্রস্তাব করা যাইবে ॥ ১৮ ॥

অনন্তর কথক সমাপন করিয়া বলিতে লাগিল ॥ ১৯ ॥

যদর্থং প্রাণানাং সততমভিতঃ শোষণমধু-
র্যদর্থং ক্ষীণাঙ্গ্যোঽপ্যহহ ! কুরু-ভূমীমভিযযুঃ !
ভবত্যস্তং কান্তং বৃষরবিসুতে ! স্বালয়মনু
প্রসজ্য স্বং শশ্বৎপ্রমদমধুমত্তং বিদধতি ॥ ২০ ॥

তদেবং কথিতকথয়োঃ কথকয়োঃ সর্ব্বেণ সহ প্রাপ্তনিজ-পথয়োঃ শ্রীরাধা-মাধবৌ তু (ক) নির্ব্বোধসুখস্ফুরণস্ফুরদুদ্ধবৌ (খ)মণ্ডপং মণ্ডয়ামাসতুঃ ॥ ২১ ॥

তাং সমাপনরীতিং বর্ণয়তি—যদর্থমিতি। হে বৃষরবিসুতে ! রাধে ! ভবত্যো যদর্থং যস্য শ্রীকৃষ্ণ-সঙ্গস্যার্থং অভিতঃ সর্ব্বতঃ প্রাণানামিন্দ্রিয়াণাং তদুপলক্ষিতদেহানাং শোষণং শুষ্কতাং দধুঃ প্রাপ্ত-বত্যঃ ক্ষীণাঙ্গ্যঃ সত্যো যদর্থং কুরুক্ষেত্রমভিযযুঃ সঙ্গতবত্যঃ তং স্বং কান্তং স্বালয়ং অনুলক্ষীকৃত্য প্রসজ্য সঙ্গত্য শশ্বন্নিরন্তরং প্রমদমধুমত্তং প্রমদঃ প্রীতিরেব মধু মধুবদাস্বাদ্যং মাদকঞ্চ তেন মত্তং সর্ব্ববিস্মরণাশ্রয়ং বিদধতি কুর্ব্বন্তি ॥ ২০ ॥

স্বয়ং কবিঃ প্রকরণং সমাপয়তি—তদেবমিতিগদ্যেন। কথিতকথকয়োঃ কথিতা কথা যাভ্যাং তয়োঃ। প্রাপ্তৌ নিজপথৌ নিজমার্গৌ যাভ্যাং তয়োঃ নির্ব্বোধসুখস্ফুরণস্ফুরদুদ্ধবৌ নির্গতো বোধো জ্ঞানং যস্য তৎ জ্ঞানাতীতং যৎ সুখং তস্য স্ফুরণেন অনুভবেন স্ফুরন্ উদ্ধবো হর্ষো যয়োস্তৌ মণ্ডয়ামাসতুর্ভূষিতবন্তৌ ॥ ২১ ॥

হে বৃষভানুনন্দিনি ! যে শ্রীকৃষ্ণের মিলন-প্রত্যাশায় তোমরা সর্ব্বতোভাবে সমস্ত ইন্দ্রিয়, এবং ইন্দ্রিয়োপলক্ষিত দেহসকল শুষ্ক করিয়াছ ; এবং যাঁহার জন্য তোমরা ক্ষীণাঙ্গী হইয়া কুরুক্ষেত্রে গমন করিয়াছিলে ; এক্ষণে নিজভবনে সেই স্বকীয় কান্তকে প্রাপ্ত হইয়া নিরন্তর (সকল বস্তু বিস্মরণ করিয়া দেয়) এইরূপ প্রীতিরূপ মধু ; অর্থাৎ মধুর মত আস্বাদনীয় পদার্থ (অথচ মাদক পদার্থ) অব-লম্বন করিতেছ ॥ ২০ ॥

এই প্রকারে কথকদ্বয়, নিজকথা বলিয়া সকলের সহিত নিজপথে প্রাপ্ত হইলে, অর্থাৎ গমন করিলে পর, শ্রীরাধা এবং মাধব জ্ঞানাতীতসুখের অনুভবে মহাহর্ষে নিমগ্ন হইয়া মাধবীলতার মণ্ডপ অলঙ্কৃত করিলেন। ২১।

(ক) নির্ব্বাধসুখেতিবৃন্দাবনপাঠঃ ;
(খ) মাধবীমণ্ডপমিতিমাণ্ডপাঠঃ।

অথ বিগতসর্ব্বশল্যে কল্যে, পুনঃ শ্রীব্রজরাজসদসি, শ্রীকৃষ্ণ-কৃতমহসি গদ্গদকণ্ঠতয়া মধুকণ্ঠ উবাচ— ॥ ২২ ॥

অথ হরিমবলোকিতুং চিরায়
স্ফুরদুরসাং ব্রজবাসিনাং জনানাম্ ।
নয়নসলিলসিক্তরোমসস্যা-
ঙ্কুরমহসা (ক) নিখিলাক্ষিতোষদানাম্ ॥ ২৩ ॥

মুহুরপি রদশব্দকারিকম্পা-
স্ফুটিতবর্ণবিভাগ-সংস্কৃতীনাম্ ।
বিবিধবিধবিচিন্তনাভিঘাত-
স্ফুরদুরুধাক্রান্তবর্ণভাবিতানাম্ ॥ ২৪ ॥

স্বয়ং কবিঃ কুরুক্ষেত্রযাত্রাক্রমং বর্ণয়িতুং প্রক্রমতে—অথেতিগদ্যেন। বিগতং সর্ব্বং শল্যং পাপং যত্র তস্মিন্ কল্যে শ্রীকৃষ্ণকৃতমহসি শ্রীকৃষ্ণেন কৃতং মহো দীপ্তির্যস্য তস্মিন্ ॥ ২২ ॥

মধুকণ্ঠবাক্যং বর্ণয়তি—অথেতিগদ্যেন। কথমপি কুরুভূমিমাগতানাং সপদি সন্দেশতাং নিশম্য মুরারিশ্চলিতুং ন শশাকেতি পঞ্চমশ্লোকেনান্বয়ঃ। অবলোকিতুং দ্রষ্টুং চিরায় স্ফুরদুরসাং প্রকুল্লবক্ষসাং নয়নসলিলেন সিক্তং যৎ রোমরূপসস্যাঙ্কুরং রোমাঞ্চবৃন্দং তস্য মহসা কৌতুকেন নিখিলানামক্ষ্ণাং তোষং তুষ্টিং দদতীতি তেষাম্ ॥ ২৩ ॥

পুনঃ কিম্ভূতানাং রদানাং দন্তানাং শব্দং কর্ত্তুং শীলমস্য এবম্ভূতো যঃ কম্পঃ তেন স্ফুটিতা বিষমোন্নতা বর্ণবিভাগসংস্কৃতিঃ সংস্কারো যেষাং তেষাং বিবিধবিধং বিবিধবিধঃ প্রকারো

অনন্তর সর্ব্ব পাপ বিনাশী প্রভাতকালে পুনর্ব্বার শ্রীব্রজরাজের সভামণ্ডপ শ্রীকৃষ্ণের আলোকে প্রদীপ্ত হইলে, মধুকণ্ঠ গদ্গদস্বরে বলিতে লাগিল ॥ ২২ ॥

তৎপরে চিরদিনের পর শ্রীকৃষ্ণকে দেখিবার নিমিত্ত সমস্ত ব্রজবাসী লোকের বক্ষঃস্থল (ভাবী আনন্দে) কম্পিত হইতে লাগিল। এবং নয়নজলসিক্ত রোমাঞ্চ রাশির কৌতুকদ্বারা তাহারা অখিল চক্ষুর তুষ্টি প্রদান করিতে লাগিল, অর্থাৎ তাহাদের আনন্দ দেখিয়া সকলে আনন্দিত হইল। তাহাদের অনবরত কম্প হইতে লাগিল, এবং সেই কম্পে দন্তের শব্দ হইতেছিল। ব্রজবাসীগণের

(ক) সস্যাঙ্কুরেতি মাগুপাঠঃ। সস্পাঙ্কুরেতি গৌরপাঠঃ

প্রতিপদরচিতাত্মতত্ত্বসাক্ষাৎ-
কৃতিজনবদ্বহিরাত্তচেষ্টিতানাম্।
মনসি তু সততস্ফুরত্তদেক-
প্রমদমৃষামতসর্ব্ববৈভবানাম্ ॥ ২৫ ॥
অশনশয়নবিস্মৃতিপ্রপত্ত্যা-
কৃশবপুষামকৃশস্বভাবভাজাম্। (ক)
অলমপরিচিতৈর্জনৈরপি স্বং
পরিহৃতবদ্ভিরুরীকৃতান্বিতানাম্ ॥ ২৬ ॥ (খ)

বহিশ্চিন্তনং তস্য অভিঘাতো বিনাশ স্তেন স্ফুরন্তৌ প্রকাশমানৌ যৌ উরুধা বহুপ্রকারৌ আকৃতি-বর্ণৌ তাভ্যাং ভাবিতানাং গ্লিষ্টানাং সদাকুলানামিত্যর্থঃ ॥ ২৪ ॥

পুনঃ কিম্ভূতানাং প্রতিপদে প্রতিক্ষণে রচিতা যা আত্মতত্ত্বস্য সাক্ষাৎকৃতিঃ সাক্ষাৎকারো যস্য স চাসৌ জনশ্চেতি তদ্বজ্জীবনমুক্তবৎ বহিরাত্তং গৃহীতং চেষ্টিতং যেষাং মনসি চিত্তে তু সততং স্ফুরন্ যঃ তস্য কৃষ্ণস্য একঃ প্রমদো হর্ষ স্তেন মৃষামতং মিথ্যাজ্ঞাতং সর্ব্বং বৈভবং যেষাং তেষাম্ ॥ ২৫ ॥

কিঞ্চ অশনং ভোজনং শয়নং নিদ্রা তয়োর্যা বিস্মৃতিঃ প্রপত্তির্বিস্মরণপ্রাপ্তিঃ তয়া কৃশবপুষা তথাপি অকৃশো বৃহন্ যঃ স্বভাবঃ সদা কৃষ্ণানুশীলনং তং ভজন্তে তেষাং। স্বং পরিহৃতবদ্ভিঃ অনাদরং কুর্ব্বদ্ভিরপি উরীকৃতান্বিতানাং উরীকৃতা অঙ্গীকৃতা অন্বিতিরনুগমনং যৈ স্তেষাম্ ॥ ২৬ ॥

বর্ণবিভাগের সংস্কার বিষমউন্নত হইয়াছিল, অর্থাৎ দন্তশব্দে মুখের কথা অস্পষ্ট হইয়াছিল। তৎকালে তাহাদের নানাবিধ চিন্তার উদয় এবং চিন্তার তিরোভাবে তাহাদের আকৃতি এবং রূপ নানাপ্রকারে প্রকাশিত হইয়াছিল, অর্থাৎ তাহারা সর্ব্বদাই ব্যাকুল হইয়াছিলেন। প্রতিক্ষণে যে ব্যক্তির আত্মতত্ত্ব সাক্ষাৎকার হইয়া থাকে, সেই লোকেরমত (জীবন্মুক্ত ব্যক্তির মত) তাহাদের বাহ্য-আত্ম-চেষ্টা হইতেছিল সত্য; কিন্তু মনোমধ্যে সর্ব্বদা একমাত্র শ্রীকৃষ্ণের আনন্দ উদিত হওয়াতে তাহারা সমস্ত বৈভব মিথ্যাজ্ঞান করিয়াছিল। যদিচ তাহারা ভোজন এবং নিদ্রা ভুলিয়া গিয়া অত্যন্ত ক্ষীণাঙ্গি হইয়াছিল, তথাপি তাহারা সর্ব্বদা অকৃশ অর্থাৎ বৃহৎ কৃষ্ণানুশীলন করিত। যে সকল লোক অত্যন্ত অপরিচিত ছিল,

(ক) স্বভাবজাতা। ইতি গৌরপাঠঃ।

(খ) পরিহৃতবাড়রুরীকৃতান্বিতানাং। ইতি গৌরপাঠঃ।

কথমপি কুরুভূমিমাগতানাং
সপদি নিশম্য সদেশতাং মুরারিঃ।
সুখশতভরভারপারবশ্যা-
ন্ন চলিতুমাশু শশাক সাকমঙ্গৈঃ ॥ ২৭ ॥
(পঞ্চভিঃ কুলকম্ ॥)

কৃষ্ণস্য সৌরভ্য-ভরেণ পুষ্টিং
তথা বিকৃষ্টিং গমিতা ব্রজেশাঃ।
নেদিষ্টদেশে বিবিশুর্যদন্ত-
র্বিরাজতে রাজগণৈঃ স কৃষ্ণঃ ॥ ২৮ ॥

কিঞ্চ, কথমপি কষ্টেনাপি কুরুক্ষেত্রমাগতানাং তেষাং সদেশতাং নৈকট্যং সপদি তৎক্ষণাৎ মুরারির্নিশম্য শ্রুত্বা সুখশতস্য যো ভরোঽতিশয়ঃ তস্য ভরেণ যৎ পারবশ্যং তস্মাদ্ধেতো স্তত্র অঙ্গৈঃ সাকং সহ আশু চলিতুং ন শশাক ন শক্তো বভূব ॥ ২৭ ॥

ততো যদ্বৃত্তমভূত্তদ্বর্ণয়তি—কৃষ্ণস্যেতি। ব্রজেশাঃ ব্রজরাজপ্রভৃতয়ঃ কৃষ্ণস্য সৌরভ্য-ভরেণ আমোদাতিশয়েন পুষ্টিং গমিতা স্তথা বিকৃষ্টিং বিচ্ছেদং গমিতাঃ সন্তঃ নেদিষ্টদেশে নিকট-দেশে বিবিশুঃ প্রবিষ্টবন্তঃ যদন্তর্যন্মধ্যদেশে রাজগণৈঃ সহ কৃষ্ণো বিরাজতে ॥ ২৮ ॥

এবং যে সকল লোক তাহাদিগকে অনাদর করিত, তাহারাও ঐ সকল ব্রজবাসী-দিগের অনুগমন স্বীকার করিয়াছিল। যাহা হৌক, এইরূপে কষ্টে যে সকল ব্রজবাসীব্যক্তিগণ কুরুক্ষেত্রে আগমন করিয়াছিল, "ব্রজবাসিগণ নিকটস্থ হইয়া-ছেন", শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ এই বার্ত্তা শ্রবণ করিয়া সুখশতের আতিশয্যভরে নিতান্ত অধীনত্ব বহন করিয়া (আনন্দে অবশাঙ্গ হইয়া) সমস্ত অঙ্গের সহিত সত্বর তাহাদের নিকটে গমন করিতে সমর্থ হন নাই (ক) ॥ ২৩—২৭ ॥

ব্রজরাজপ্রভৃতি ব্রজবাসিগণ শ্রীকৃষ্ণের শারীরিক নিরতিশয় সৌরভে পরিপুষ্ট হইয়া এবং অথচ সেই সৌরভের সম্পর্ক না পাইয়া অর্থাৎ কৃষ্ণকে না পাইয়া

(ক) পাঁচটী শ্লোকের একত্র অন্বয় হওয়ায় কুলক হইয়াছে। দুই শ্লোকে যুগ্মক, তিন শ্লোকে বিশেষক, চারি শ্লোকে কলাপক. ইহার পর যত শ্লোকেই অন্বয় হউক তাহারা কুলক নামে বিখ্যাত।

তদা চ হরি-হলিনৌ কর্ণাভ্যর্ণতয়া তস্য বর্ণিতস্য কলনা-দ্ভাবান্তরবলিনৌ ভক্তিপ্রসজ্যমানমনস্তয়া সদ্রবমুপবিব্রজিষন্তা-বপি সহসা ন চেলতুঃ। কিন্তু রাজ-ব্রজং নিজ-নিজ-শিবিরায় বিহিতব্যাজং বিসসৃজতুঃ। শাত্রবা মমাত্র তৈঃ সত্রা মা মৈত্রীং জ্ঞাসিষুরিতি (ক) তান্ ব্রজরাজাদীনুদ্ধববদ্বারা সম্ভবন্নিভৃত-সম্ভবনদেশে স্তম্ভয়ামাসতুঃ ॥ ২৯ ॥

তদেবং নিশম্য কৃষ্ণরামৌ যদকুরুতাং তদ্বর্ণয়তি—তদা চেতি গদ্যেন। হরিহলিনৌ কৃষ্ণরামৌ কর্ণাভ্যর্ণতয়া কর্ণয়োরভ্যর্ণং নৈকট্যং যস্য তদ্ভাবতয়া বর্ণিতস্য তস্য ব্রজরাজাদ্যাগমনস্য কলনাৎ শ্রবণাৎ ভাবান্তরবলিনৌ গোপভাবাশ্লিষ্টৌ সন্তৌ ভক্তিপ্রসজ্যমানমনস্তয়া ভক্তৌ তেষাং সেবনাদৌ প্রসজ্যমানং মনো যয়োস্তদ্ভাবতয়া সদ্রবং বেগসহিতং যথা স্যাত্তথা উপবিব্রজিষন্তৌ উপ সমীপে গন্তুমিচ্ছন্তৌ, অপি সহসা তৎকালেন ন চেলতুর্ন চলিতবন্তৌ, রাজব্রজং রাজ-সমূহং নিজনিজশিবিরায় বস্ত্রনির্ম্মিতগৃহায় বিহিতো ব্যাজশ্ছলং যত্র তদ্‌যথা স্যাত্তথা বিসসৃজতুঃ প্রেরিতবন্তৌ, তং ব্যাজং নির্দ্দিশতি—শাত্রবা ইতি অত্র স্থিতা মম শাত্রবাঃ শত্রুসমূহাঃ তৈ ব্রজ-রাজাদিভিঃ সত্রা সহ মৈত্রীং মিত্রতাং মাজ্ঞাসিষুর্ন জানীয়ুরিতিহেতো স্তান্ সম্ভবান্নিভৃতসম্ভবন-দেশে সম্ভবৎ মিলৎ নিভৃতস্য নিজনস্য সম্ভবনং জননং যত্র স চাসৌ দেশশ্চেতি তস্মিন্ স্তম্ভয়ামা-সতুঃ স্থিরীকৃতবন্তৌ ॥ ২৯ ॥

অতিশয় নিকটবর্ত্তী দেশে প্রবেশ করিলেন ; যাহার মধ্যদেশে শ্রীকৃষ্ণ রাজন্যগণের সহিত বিরাজ করিতেছিলেন ॥ ২৮ ॥

তৎকালে শ্রীকৃষ্ণ এবং বলরাম কর্ণগোচর করিলেন যে, "ব্রজরাজপ্রভৃতি সকলেই আগমন করিয়াছেন।" ইহা শুনিয়া কৃষ্ণও বলরাম দুইজনে ভাবান্তর অর্থাৎ গোপভাব ধারণ করিলেন। তৎপরে ভক্তিসহকারে তাঁহাদিগকে সেবা করিবার জন্য উভয়ের মন গলিয়া যায়। তাহাতেই দুইজনে সবেগে তাঁহাদের সমীপে গমন করিতে ইচ্ছা করিলেও তৎকালে সহসা চলিতে পারেন নাই, অত্যানন্দে শরীর নিস্পন্দ বা জড় হইয়া গেল। কিন্তু কোন এক ছল করিয়া ভূপতিদিগকে নিজ নিজ শিবিরে প্রেরণ করেন। সেই ছলও এই প্রকার, যথা :—এইস্থানে আমার যে সকল শত্রু আছে, তাহারা ঐ সকল ব্রজরাজপ্রভৃ-

(ক) জিজ্ঞাসিষুঃ। ইতি পাঠান্তরঃ।

জাতে বহির্জনবর্জ্জনে তু স্বজনেন সহ স্বয়মুপব্রজন্তৌ দূরাদেব ব্রজরাজপদরাজীবসমর্য্যাদমর্য্যাদমখণ্ডদণ্ডবৎ প্রণিপাতমাতভবন্তৌ। যথাযথমুপনন্দাদীনপি প্রণতবন্তৌ। ব্রজরাজশ্চ কম্পসম্পৎসম্পতদশ্রুপুলকাকুলতয়া স্বান্তর্ব্যাকুলতয়া চ যুগপদেব যুগলং তদালিঙ্গংশ্চাপলযুগলং সগদ্গদমন্দং চক্রন্দ ॥ ৩০ ॥

অথ কৃষ্ণরাময়ো ব্রজবাসিষু যথা মিলনং জাতং তদ্বর্ণয়তি—জাতে ইতি গদ্যেন। বহির্জনানাং অনাত্মীয়ানাং বর্জ্জনং তস্মিন্ জাতে সতি, উপব্রজন্তৌ সমীপং গচ্ছন্তৌ, ব্রজরাজস্য পদরাজীবং চরণপদ্মং তস্য সমর্য্যাদং অন্তিকং অখণ্ডদণ্ডবৎ প্রতিপাতং পূর্ণদণ্ডবৎ প্রতিপাতং ভূমৌ সর্ব্বাঙ্গেন পতনং আতভবন্তৌ বিস্তারয়ন্তৌ যথাযথং যথাযোগ্যং প্রণতবন্তৌ প্রণতিং চক্রতুঃ ।

কম্পসম্পাচ সম্পতদশ্রুপুলকশ্চ তৈরাকুলতয়া স্বান্তর্ব্যাকুলতয়া চিত্তে যা ব্যাকুলতা তয়াচ যুগপদেকদৈব তৎযুগলং কৃষ্ণরামরূপং আলিঙ্গন্ অলমতিশয়েন চাপলযুক্ চাঞ্চল্যবিশিষ্টো গদ্গদেন মন্দং যথা স্যাত্তথা চক্রন্দ রুরোদ ॥ ৩০ ॥

তির সহিত বন্ধুত্ব জানিতে পারিবে না। এই কারণে ঐ সমস্ত ব্রজরাজপ্রভৃতি ব্রজবাসীদিগকে উদ্ধবদ্বারা যেস্থানে নির্জ্জনভাবের সম্ভাবনা আছে, সেই নিভৃত মিলন-প্রদেশে স্থিরীকৃত করিলেন ॥ ২৯ ॥

তৎপরে যে সকল লোক আত্মীয় নহে, তাহাদিগকে বর্জ্জন করা হইলে, শ্রীকৃষ্ণ এবং বলরাম আত্মীয় জনগণের সহিত স্বয়ং নিকটে গমন করিয়া, দূর হইতেই ব্রজরাজের পাদপদ্ম সমীপে মর্য্যাদাপূর্ব্বক সাষ্টাঙ্গে প্রণিপাত করিলেন; এবং যথাবিধি উপনন্দদিগকেও প্রণাম করিলেন। তৎকালে ব্রজরাজেরও দেহে প্রচুর কম্প আবির্ভূত হইল, তাঁহার আনন্দাশ্রু পতিত হইতে লাগিল; এবং রোমাঞ্চদ্বারা তাঁহার সর্ব্বশরীর পরিব্যাপ্ত হইল। তখন তাঁহার চিত্তও অত্যন্ত ব্যাকুল হইয়া উঠিল। এইরূপ হওয়াতে ব্রজরাজ এককালে কৃষ্ণ বলরাম এই দুই জনকেই আলিঙ্গন করিলেন। এবং অত্যন্ত চাঞ্চল্য সহকারে গদ্গদস্বরে রোদন করিতে লাগিলেন ॥ ৩০ ॥

রাম-কৃষ্ণৌ চ যদ্যপি তদালিঙ্গনায় সতৃষ্ণৌ তথাপি সর্ব্বৈঃ সঙ্গমনায় তস্য সাঙ্গতামঙ্গীকুর্ব্বন্তৌ পুনশ্চ রণপাতমেবাততবন্তৌ ॥ ৩১ ॥

অথ ব্রজরাজস্তয়োর্নমস্কারশ্রমপ্রশমনায় যদ্যপি নিবারণকামস্তথাপি ভাব-বৈবশ্যবশস্তত্র স্বকরয়োরবশ্যতামধ্যবস্যন্নিতস্ততঃ (ক) পশ্যতি স্ম। পশ্যংশ্চ তদিদং বদতঃ শ্রীবসুদেবাদীনপশ্যৎ আয়ুষ্মন্তৌ। ত এতে সঙ্কোচং রোচয়ন্তে।

তদা রামকৃষ্ণৌ যচ্চক্রতু স্তদ্বর্ণয়তি—রামকৃষ্ণৌ চ যদ্যপীতিগদ্যেন। তদালিঙ্গনায় ব্রজরাজস্য আলিঙ্গনায় সতৃষ্ণৌ সাকাঙ্ক্ষৌ সর্ব্বৈরিতি সহার্থে তৃতীয়া। তস্য সাঙ্গতাং চরণপাতস্য সাঙ্গতাং কৃতার্থতাং স্বীকৃতবন্তৌ ॥ ৩১ ॥

ততো ব্রজরাজঃ কিং কৃতবানিত্যপেক্ষায়াং বর্ণয়তি—অথেতিগদ্যেন। তয়ো রামকৃষ্ণয়োঃ ভাববৈবশ্যবশঃ ভাবেন যৎ বৈবশ্যং তস্য বশঃ অস্বস্থঃ তত্র নিবারণে অধ্যবস্যন্ নিশ্চিন্বন্ ইতস্ততঃ সর্ব্বান্ দদর্শ, তদিদং পরত্র ব্যক্তব্যং আয়ুষ্মন্তৌ রামকৃষ্ণৌ ত এতে ব্রজরাজাদয়ঃ সঙ্কোচং রোচয়ন্তে, যৎ আলিঙ্গনাদিকং ন কৃতবন্তঃ। ততঃ সঙ্কোচাদ্ধেতো র্ময়া কুশলপ্রশ্নঃ প্রস্তূয়তামিতি। সাঞ্জলিবন্ধস্থিতিসন্ধয়োঃ অঞ্জলিবন্ধেন সহ স্থিতৌ সন্ধা সন্ধানং যয়োঃ রামকৃষ্ণয়োঃ ব্রজেন্দ্রং

যদ্যপি শ্রীকৃষ্ণ এবং বলরাম তাঁহাকে তৎকালে আলিঙ্গন করিবার জন্য অভিলাষী হইয়াছিলেন, তথাপি সকলের সহিত মিলন ঘটাইবার জন্য সেই প্রণিপাতের সার্থকতা স্বীকার করিয়া, পুনর্ব্বার চরণে প্রণিপাতই করিয়াছিলেন ॥ ৩১ ॥

অনন্তর ব্রজরাজ, যদ্যপি কৃষ্ণ বলরামের নমস্কার জনিত পরিশ্রম দূর করিবার নিমিত্ত নিবারণ করিতে অভিলাষী হইয়াছিলেন, তথাপি মনোবৃত্তির বিকার বশত, অসুস্থ হইয়া, নিবারণ বিষয়ে নিজহস্তযুগলের অবশতা স্থির করিয়া ইতস্ততঃ সকলকেই দর্শন করিলেন। তিনি ইতস্ততঃ দেখিয়া যাঁহারা পরে এইরূপ কথা বলিতেছিলেন, সেই শ্রীবসুদেবপ্রভৃতি ব্যক্তিগণকেও দর্শন করিলেন। হে শ্রীকৃষ্ণ! হে বলরাম! তোমাদের দুইজনের দীর্ঘায়ু হৌক। কিন্তু তদ্-

---

(ক) অবশতাং। ইতি মাণ্ডপাঠঃ।

ততঃ স্বয়মবধায় বিশ্রমসুখমুপধায় কুশলপ্রশ্নঃ প্রস্তূয়তামিতি। ততশ্চ রাম-কৃষ্ণয়োঃ সাঞ্জলিবন্ধস্থিতিসন্ধয়োরালিঙ্গনাদিনা ব্রজেন্দ্রমনুবিন্দমানঃ স্বয়মানকদুন্দুভিস্তেন তং তং সন্তত বাঞ্ছিততদীয়সঙ্গং মুনিসঙ্ঘবর্য্যং প্রদ্যুম্নাদিপর্য্যন্তং সর্ব্বং জনং সঙ্গময়ামাস। স এব চ তং দেবমিব নিজ-নিবেশবেশ্মানীয় কৃষ্ণরামাদিকৃতানুসারঃ সপরিবারমারাধয়ামাস ॥ ৩২ ॥

তদেবং স্থিতে পট্টপটসম্বৃতং সঙ্গাযাতৃকতিপয়যাতৃমুখমহিলাবলিতব্রজেশ্বরী-শকটমন্তঃপটগৃহং প্রবিষ্টমাকর্ণ্য তদ্দি-

---

শ্রীমন্নন্দং অনুবিন্দমানঃ অনুগচ্ছন্ তেন ব্রজেন্দ্রেণ সহ সন্ততং বাঞ্ছিতঃ তদীয়ঃ ব্রজেন্দ্রসম্বন্ধী সঙ্গো যস্য তং মুনিসঙ্ঘবর্য্যং শ্রীব্যাসাদিকং সঙ্গময়ামাস মিলনং কারিতবান্। সএব আনকদুন্দুভিঃ তং ব্রজেন্দ্রং নিজনিবেশবেশ্ম নিজবাসগৃহমানীয় কৃষ্ণরামাদিভিঃ কৃতোঽনুসারোঽনুগতি যস্য তং সপরিবারং পরিবারেণ সহ যথা স্যাত্তথা সম্মানিতবান্ ॥ ৩২ ॥

ততো রামকৃষ্ণয়োঃ শ্রীব্রজেশ্বরীমিলনং যথাভূত্তদ্বর্ণয়তি—তদেবমিতিগদ্যেন। যাতা দেবরপত্নী সৈব মুখমাদির্যাসাং তাঃ কতিপয়াশ্চ তা যাঃ মুখা মহিলাঃ স্ত্রিয়শ্চেতি তাভির্বলিতা

বিষয়ে ব্রজরাজপ্রভৃতি সকলেই মনে সঙ্কোচ করিতেছেন, যেহেতু তাঁহারা আলিঙ্গনাদি করেন নাই। সেই সঙ্কোচ বশতঃ স্বয়ং অবধান করিয়া, এবং বিশ্রাম সুখ স্থাপনা করিয়া আমি কুশল প্রশ্ন আরম্ভ করিয়াছি। অনন্তর শ্রীকৃষ্ণ এবং বলরাম অঞ্জলি বন্ধের সহিত থাকিবার সন্ধান করিলে স্বয়ং বসুদেব আলিঙ্গনাদিদ্বারা ব্রজরাজের অনুগমন করিয়া সেই ব্রজরাজের সহিত কৃষ্ণ এবং বলরামের, এবং সর্ব্বদা ব্রজরাজের সঙ্গপ্রার্থী বেদব্যাসাদিপ্রধান মুনিগণের, এবং প্রদ্যুম্নপর্য্যন্ত অন্যান্য সকল লোকেরই মিলন করিয়া দিলেন। তৎপরে সেই বসুদেবও দেবতার ন্যায় ব্রজরাজকে নিজবাসগৃহে লইয়া গিয়া কৃষ্ণবলরামপ্রভৃতি সকলেই তাঁহার অনুসরণ, করিলে সপরিবারে তাঁহার সম্মান করিয়াছিলেন ॥ ৩২ ॥

অতএব এইরূপ ঘটিলে যাহারা সঙ্গে আগমন করিয়াছে, এরূপ কতিপয় যাতৃ-

ন্টত এব তব তত্র তৌ প্রবিষ্টবন্তৌ। প্রবিশ্য চাত্মানৌ পশ্যন্তীমেনাং পশ্যতঃ স্ম ॥ ৩৩ ॥

তত্র সা যথা ;—

যস্য প্রাথিবিরহোষ্ণরশ্মিখরতাশীর্ণাঙ্গপর্ণাবলিঃ
পশ্চাদুৎকলিকামরুদ্বলনয়া ক্ষিপ্তা বিদূরে পথি।
তং পুত্রাকৃতিবারিবাহসময়ং সম্ভূয় গোপেশ্বরী
বল্লীবাশু (ক) পুনঃ স্বমূলবিসৃতের্লোভাদগাদার্দ্রতাম্ ॥ ৩৪॥

সংবৃতা যা ব্রজেশ্বরী তস্যাঃ শকটং অন্তঃপটগৃহং প্রবিষ্টমাকর্ণ্য তৎ কিম্ভূতং পট্টপটেন সংবৃতং সংজ্ঞাযাতৃ সংজ্ঞযাতৃনাম্না যাঃ গমনে শৈঘ্র্যতাশক্তিস্তাৎ যাতৃনামেতাগঃ। এবম্ভূতং শকটং। তাদৃশতঃ ব্রজেশ্বর্য্যা আদেশতঃ তত্র ব্রজেশ্বরীশকটে তৌ রামকৃষ্ণৌ। এনাং ব্রজেশ্বরীং দদৃশতুঃ ॥ ৩৩ ॥

তাং ব্রজেশ্বরীং বর্ণয়তি—যস্যেতি। সা গোপেশ্বরী বল্লী লতেব লোভাৎ স্বমূলবিসৃতেরাশু শীঘ্রমার্দ্রতামগাদিত্যন্বয়ঃ। সা কিম্ভূতা যস্য শ্রীকৃষ্ণস্য প্রাথিবিরহো বিচ্ছেদএব উষ্ণরশ্মিঃ সূর্য্যঃ তস্য যা খরতা তীক্ষ্ণতা তয়া শীর্ণা সুমলিনা অঙ্গরূপা পর্ণাবলিঃ পত্রাণামাবলী শ্রেণী যস্যাঃ সা বল্লীতু তদ্রূপা স্যাৎ। পশ্চাৎ যা উৎকলিকা কৃষ্ণদর্শনে উৎকণ্ঠা সৈব মরুৎ বায়ু স্তস্য যা বলনা বেগগতিঃ তয়া বিদূরে পথি ক্ষিপ্তা বল্লীতু বায়ুবেগেন দূরে ক্ষিপ্তা ভবতি। পুত্রস্য কৃষ্ণস্য আকৃতিঃ মূর্ত্তিরেব বারিবাহসময়ং বর্ষাঋতু স্তং সম্ভূয় মিলিত্বা পুনঃ স্বমূলস্য প্রণয়স্য বিসৃতি বিস্তার স্তস্যা লোভাৎ আর্দ্রতাং প্রাপ বল্লীতু তথৈব স্যাৎ ॥ ৩৪ ॥

(যা—অর্থাৎ দেবরের পত্নী) প্রভৃতি রমণীগণদ্বারা পরিব্যাপ্ত, ও পট্টবস্ত্রাচ্ছাদিত ব্রজেশ্বরীর শকট, পটগৃহের (তাম্বুর) মধ্যে (খ) প্রবেশ করিয়াছে শ্রবণ করিয়া ; ব্রজেশ্বরীর আদেশক্রমেই সেই সময়ে কৃষ্ণ বলরাম ব্রজেশ্বরীর শকটে প্রবেশ করিলেন। প্রবেশ করিয়া উভয়েই দর্শন করিলেন যে, ব্রজেশ্বরী তাঁহাদের দুই জনকে দর্শন করিতেছেন ॥ ৩৩ ॥

লতা যেরূপ সূর্য্যাতাপে মলিন হয়, সেইরূপ ব্রজেশ্বরীর অঙ্গরূপ পত্রশ্রেণী

(ক) বল্লীবাসু। দন্ত্যসান্তঃ পাঠঃ আনন্দপুস্তকে। বিসৃতে র্লোভাৎ। ইত্যপি তত্রত্যঃ পাঠঃ।

(খ) কুরুক্ষেত্র তীর্থস্থান বিশেষতঃ বিদেশ, এজন্য তথায় অবস্থানাদির জন্য পটমণ্ডপ অর্থাৎ তাম্বুপ্রভৃতির বন্দবস্ত ছিল।

তাং শুষ্কদেহামথ বীক্ষ্য দেবকী
সন্তর্পণায়ামভজদ্বিহস্ততাম্ ।
কৃষ্ণেক্ষণাদেব তু পুষ্টমূর্ত্তিকাং
দৃষ্ট্বান্ববিন্দৎ পুনরুক্তযত্নতাম্ ॥ ৩৫ ॥
মাতা দ্রাগথ সহ সীরিণা সমীক্ষ্য
স্বং পুত্রং কুরুভুবি তদ্বিয়োগদূনা ।
উত্থানং রচয়তি যাবদেষ তাব-
দ্বিদ্রুত্য ন্যপতদুপাঙ্ঘ্রি তেন তস্যাঃ ॥ ৩৬ ॥

শ্রীব্রজেশ্বর্য্যাং দেবক্যাঃ প্রীতিং বর্ণয়তি—তামিতি। তাং ব্রজেশ্বরীং শুষ্কদেহাং বীক্ষ্য দৃষ্ট্বা দেবকী তস্যাঃ সন্তর্পণায়াং পুষ্টিতায়াং বিহস্ততাং ব্যাকুলতামভজৎ. তু, পুনঃ কৃষ্ণেক্ষণাদেব পুষ্টমূর্ত্তিকাং পুষ্টা স্থূলা মূর্ত্তি যস্যা স্তাং দৃষ্ট্বা পুনরুক্তযত্নতাং পিষ্টপেষণবৎ অসার্থকতামন্ববিন্দৎ লেভে ॥ ৩৫ ॥

ব্রজেশ্বর্য্যা সহ রামকৃষ্ণয়ো মিলনং বর্ণয়তি—মাতেতি। মাতা ব্রজেশ্বরী সীরিণা রামেণ সহ স্বপুত্রং কৃষ্ণং কুরুভুবি কুরুক্ষেত্রে সমীক্ষ্য দৃষ্ট্বা তদ্বিয়োগদূনা তস্য শ্রীকৃষ্ণস্য বিয়োগেন দূনা বিরুণা সতী যাবৎ উত্থানং রচয়তি, তাবৎ এষ কৃষ্ণঃ বিদ্রুত্য আগত্য তেন সীরিণা সহ তস্যা মাতুরুপাঙ্ঘ্রি চরণসমীপে ন্যপতৎ নিপতিতো বভূব ॥ ৩৬ ॥

পূর্ব্বে শ্রীকৃষ্ণের বিরহরূপ সূর্য্যের তীব্রতাদ্বারা নিতান্ত মলিন হইয়াছিল ; পশ্চাৎ কৃষ্ণদর্শনে উৎকণ্ঠারূপ সবেগ বায়ুগতিদ্বারা দূর পথে বিক্ষিপ্ত হইয়াছিল ; এবং পুত্রের মূর্ত্তিরূপ বর্ষা ঋতু প্রাপ্ত হইয়া পুনর্ব্বার প্রণয়ের বিভূতিলোভ লতার মত আদ্র ভাব প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৩৪ ॥

অনন্তর দেবকী, ব্রজেশ্বরীর শুষ্ক দেহ নিরীক্ষণ করিয়া তাঁহাকে সন্তুষ্ট করিবার জন্য ব্যাকুলভাব প্রাপ্ত হইয়াছিলেন। পরে কৃষ্ণের দর্শনমাত্রেই তাঁহার দেহ পুষ্টি দর্শন করত পিষ্ট-পেষণের মত অসার্থকতা (নিষ্ফলতা) লাভ করিয়াছিলেন, কৃষ্ণ দর্শনে স্বয়ং পুষ্টা প্রেয়সীকে আর পুষ্ট করিতে হইল না ॥ ৩৫ ॥

তৎপরে মাতা ব্রজেশ্বরী, কুরুক্ষেত্রে বলরামের সহিত নিজপুত্র শ্রীকৃষ্ণকে নিরীক্ষণ করিয়া, কৃষ্ণ-বিরহে ব্যাকুলতা-বশতঃ যেমন দ্রুত গাত্রোত্থান করিতে

সা কৃত্বা ভুবি জানুনী স্বতনয়াবুন্নময্য নম্রৌ তয়ো
মূর্দ্ধানাবুরসোপগুহ্য নয়নাসারং তথামুঞ্চত।
দেবক্যাদিভিরেব মৌহ্যত যথা সেয়ং কৃশাঙ্গী কুতঃ
প্রাদুর্ভূতবতী নদী জগদিব ব্যাপ্তুং মুহুর্ব্বর্দ্ধতে ॥৩৭॥
কৃষ্ণস্তৎপদপদ্ময়োরথ পতন্ রামেণ সার্দ্ধং রুদন্
বাঢ়ং রোদয়তি স্ম সর্ব্বজনতাং বর্ষন্নিব স্বাং দশাম্।
এবং সত্যপি গোপরাজ-মহিলা তত্রাতিশঙ্কাকুলা
তদ্দুঃখান্তরতাবিতর্কবশগা সা শুষ্কবাষ্পাভবৎ ॥ ৩৮ ॥

তদা ব্রজেশ্বরী যদকরোত্তদ্বর্ণয়তি—সা কৃত্বেতি। সা মাতা ভুবি ভূমৌ জানুনী কৃত্বা নম্রৌ স্বতনয়ৌ উন্নম্য উত্থাপ্য তয়োঃ স্বতনয়য়োঃ মূর্দ্ধানৌ মস্তকৌ উরসা বক্ষসা উপগুহ্য সমালিঙ্গ্য নয়নাসারং নয়নাশ্রুধারাং তথা অমুঞ্চত মুমোচ, যথা দেবক্যাদিভিরেবং ঔহ্যত বিতর্কিতং, সেয়ং কৃশাঙ্গী কুতঃ প্রাদুর্ভূতবতী প্রাদুর্ভাববিশিষ্টা জগদ্ব্যাপ্তুং নদীব মুহুর্বর্দ্ধতে যথান্যা শুষ্কা নদী জলেন পূর্ণা বর্দ্ধতে ॥ ৩৭ ॥

কিঞ্চ রামেণ সার্দ্ধং সহ তস্যাঃ পদপদ্ময়োঃ পতন্ বাঢ়মতিশয়ং রুদন্ ক্রন্দন্ স্বাং দশাং স্বকীয়ামবস্থাং বর্ষন্নিব সর্ব্বজনতাং জনসমূহং রোদয়তি স্ম রোদয়াসাস। এবং উক্তপ্রকারে জাতে সতি, গোপরাজমহিলা ব্রজেশ্বরী তত্র তয়ো স্তাদৃশরোদনে অতিশঙ্কাকুলা সতী তদ্দুঃখান্তরতাবিতর্কবশগা তৎবিরহদুঃখমন্তরে চিত্তে যয়ো স্তস্য ভাবঃ তদ্দুঃখান্তরতা তস্য যো বিতর্কঃ বিশেষানুসন্ধানং তস্য বশগা পরতন্ত্রা সা শুষ্কং বাষ্পং রোদনং যস্যাঃ সা বভূব ॥ ৩৮ ॥

চেষ্টা করিবেন অমনি শ্রীকৃষ্ণ আসিয়া সেই বলরামের সহিত জননীর চরণ প্রান্তে নিপতিত হইলেন ॥ ৩৬ ॥

যখন শ্রীকৃষ্ণ এবং বলরাম ভূতলে জানুদ্বয় রাখিয়া নত হইয়াছিলেন, তৎকালে জননী ব্রজেশ্বরী তাঁহাদের দুই জনকে তুলিয়া, এবং নিজের বক্ষঃস্থলদ্বারা উভয়ের মস্তকদ্বয় আলিঙ্গন করিয়া নয়নাশ্রুধারা এরূপ অধিক মোচন করিতে লাগিলেন যে, তাহাতে দেবকীপ্রভৃতি রমণীগণ এইরূপ তর্ক বিতর্ক করিতে লাগিলেন, "এই ক্ষীণাঙ্গী কোথা হইতে প্রাদুর্ভূত হইয়া জগৎ ব্যাপ্ত করিবার নিমিত্ত নদীর মত বারংবার বৃদ্ধি প্রাপ্ত হইতেছে?" ॥ ৩৭ ॥

শ্রীকৃষ্ণ বলরামের সহিত জননীর পাদপদ্মে পতিত হইয়া, এবং সাতিশয়

ততশ্চ শুষ্যদ্বদনাং বিলোক্য তাং
বিলোকয়ন্তাবভিতঃ সহোদরৌ।
মাতৃর্মিলন্তাবপরাস্তয়া সহা-
গতাশ্চ তাবার্দ্রয়তামমূং পুনঃ ॥ ৩৯ ॥

অথ কথমপি ধৈর্য্যং রোহিণীবর্য্যরামা-
স্তনুজনিজননীনামর্জ্জয়িত্বা ক্রমেণ।
অভিনবরুচিশুভ্রে রাঙ্কবে সন্নিবেশং
সপদি বিদধুরাসামাত্মনোপাবিশংশ্চ ॥ ৪০ ॥

ততো রামকৃষ্ণৌ যচ্চক্রতু স্তদ্বর্ণয়তি—ততশ্চেতি। শুষ্যদ্বদনাং তাং ব্রজেশ্বরীং বিলোক্য সহোদরৌ অভিতঃ সর্ব্বতো বিলোকয়ন্তৌ সন্তৌ তয়া ব্রজেশ্বর্য্যা সহ আগতা যা অপরা তাশ্চ মাতৃর্মিলন্তৌ পুন স্তামমূং ব্রজেশ্বরীং আর্দ্রয়তাং স্নেহরসেন শ্লথাং চক্রতুঃ ॥ ৩৯ ॥

তদনন্তরং যদ্বৃত্তমভূত্তদ্বর্ণয়তি—অথেতি। তনোঃ শরীরস্য জনির্জন্ম যাভ্য স্তাশ্চ জনন্যশ্চেতি তাসাং মধ্যে রোহিণী বর্য্যা শ্রেষ্ঠা যত্র তাশ্চ তা রামাশ্চেতি তাঃ কথমপি ধৈর্য্যং ক্রমেণ অর্জ্জয়িত্বা পূর্ব্ববৃত্তান্তানুভবেন অবিদ্যমানমিবাসীতি গম্যতে, রাঙ্কবে মৃষচর্ম্মাসনে আসাং ব্রজেশ্বর্য্যাদীনাং সন্নিবেশং বিদধুঃ। আত্মনা দেহেন উপাবিশন্ উপবেশং চক্রুঃ ॥ ৪০ ॥

রোদন করিয়া, যেন স্বকীয় অবস্থা বর্ষণ করিতে করিতে লোকদিগকে কাঁদাইয়াছিলেন। এই প্রকার ঘটনা ঘটিলে পর, ব্রজেশ্বরী, কৃষ্ণবলরামের রোদনে অত্যন্ত শঙ্কাকুল হইয়া, উভয়ের বিরহদুঃখ অন্তরে থাকাতে, তদ্বিষয়ে বিশেষ অনুসন্ধান করিতে রত থাকিয়া, নেত্র জল শুষ্ক করিয়া ফেলিলেন। ৩৮ ॥

অনন্তর ব্রজেশ্বরীর মুখ শুষ্ক দেখিয়া দুই সহোদর চারিদিক নিরীক্ষণ করিতে করিতে সেই জননীর সহিত আসিয়া অন্যান্য যে সকল জননী ছিল তাঁহাদের সহিত মিলিত হইয়া পুনর্ব্বার সেই ব্রজেশ্বরীকে স্নেহ-রসে অভিষিক্ত করিয়াছিলেন ॥ ৩৯ ॥

যাহা হইতে শরীরের উৎপত্তি হয়, এইরূপ জননী দিগের মধ্যে রোহিণী-প্রভৃতি শ্রেষ্ঠা রমণীগণ অতিকষ্টে ক্রমে ক্রমে ধৈর্য্য ধারণ করিয়া অভিনবদীপ্তি-

যা আসন্ মাতৃমানিন্যঃ কংসারের্দেবকীমুখাঃ।
যশোদাগ্রে তু তাঃ সর্ব্বাস্তটস্থন্তি স্ম সাম্প্রতম্ ॥ ৪১ ॥
দেবকীপ্রভৃতিমাতৃতা হরৌ গোষ্ঠমাতৃপুরতো বৃথাজনি।
বার্ষিকী যদি ভবেদ্ঘনাবলী সেকপালিভিরলং কৃষিব্রজে ॥ ৪২ ॥

দেবক্যাদিভ্যো ব্রজেশ্বর্য্যা আধিক্যং বর্ণয়তি—যা আসন্নিতি। কংসারেঃ শ্রীকৃষ্ণস্য যাঃ মাতৃমানিন্য আত্মানং মাতরং মন্যন্তে দেবকীপ্রধানা তাঃ সর্ব্বা যশোদাগ্রে সাংপ্রতং তটস্থন্তি স্ম উদাসীনা ইব আচরন্তি স্ম ॥ ৪১ ॥

তাদৃশদর্য়তি—দেবকীতি। হরৌ দেবকীপ্রভৃতিষু মাতৃতা যাসীদসৌ গোষ্ঠমাতুঃ পুরতোঽগ্রে বৃথাজনি তত্র দৃষ্টান্তেন সাধয়তি যদি বার্ষিকী বর্ষভবা ঘনাবলী মেঘশ্রেণী ভবেত্তদা কৃষিব্রজে কৃষিসমূহে সেকপালিভিঃ সেচনশ্রেণীভিরলং ব্যর্থম্ ॥ ৪২ ॥

দ্বারা শুক্লবর্ণ মৃগচর্ম্মাসনে শীঘ্র ব্রজেশ্বরীদিগকে উপবেশন করাইয়া ছিলেন, এবং তৎপরে তাঁহারা স্বয়ং উপবেশন করিয়াছিলেন ॥ ৪০ ॥

যাঁহারা মনে মনে শ্রীকৃষ্ণের জননী বলিয়া বিবেচনা করিতেন, সেই সকল দেবকী-প্রভৃতি জননীগণ যশোদার সম্মুখে সম্প্রতি যেন তটস্থ উদাসীনের মত ব্যবহার করিয়াছিলেন ॥ ৪১ ॥

দেখুন, শ্রীকৃষ্ণের উপরে যে, দেবকীপ্রভৃতি রমণীগণের মাতৃভাব বিদ্যমান ছিল, তাহা ব্রজেশ্বরীর সম্মুখে বৃথা হইয়াছিল। কারণ, যদি বর্ষাকালীন মেঘরাজি বিদ্যমান থাকে, তাহা হইলে সমস্ত কৃষিকার্য্যে জলসেক করিবার কোন প্রয়োজন নাই (ক)॥ ৪২ ॥

(ক) পুত্রভাবের প্রতি স্নেহাধিক্যই মূলকারণ। দেহ হইতে জন্ম হইলেই প্রকৃত পুত্র হয় না। যেমন স্তম্ভ হইতে নৃসিংহমূর্ত্তির আবির্ভাব ও স্বায়ম্ভুবমন্বন্তরে ব্রহ্মার নাসাবিবর হইতে বরাহদেবের উৎপত্তি হয়। এখানে স্তম্ভ ও গোপিকার জনক-জননীভাব সামান্য মাত্র। বসুদেব দেবকী ঐরূপ স্তম্ভ বা গোপিকাতুল্য নহেন, কারণ তথায় প্রকাশমাত্র নহে, স্নেহোদয় ও যথেষ্ট সত্তা আছে, কিন্তু তাহা যশোদানন্দাপেক্ষা অল্প। এজন্য স্নেহসাগর নন্দাদির নিকট স্নেহতড়াগ লুক্কায়িত হইল। একথা পূর্ব্বচম্পূর ৩য় পূরণে জন্মপ্রকরণে উক্ত আছে। স্মরণার্থে এখানে পুনরুক্ত হইল। নন্দের পুত্রগত স্নেহে মাধুর্য্যপ্রধান, বসুদেবের স্নেহে ঐশ্বর্য্যপ্রধান, ইহা উত্তরচম্পূর ২৪ পূরণে ১৩নং গদ্যে দ্রষ্টব্য।

জিঘ্রন্তী শিরসী তয়োঃ সুরভিণী বাষ্পেণ চাসিঞ্চতী
মার্জ্জন্তী বদনে দৃগম্বুবলিতে যত্নেন পশ্যন্ত্যপি।
কল্পং চাল্পমিয়ং তু মংস্যত ইতি জ্ঞাত্বা তদা রোহিণী
দেবক্যা সহ নির্ভরাদরতয়া বষ্টি স্ম তামঞ্চিতুম্ ॥ ৪৩ ॥

রুক্মিণ্যাদিবধূভিরঞ্চিতুমমূং পর্য্যাগতাভির্যদা
সার্দ্ধং দেবকদেহজাপ্রভৃতয়স্তদ্বিষ্বগারিপ্সত।
তর্হ্যেতৌ বহিরাগতৌ হরি-বলৌ গোপানশেষাংস্তথা-
তিথ্যেনার্চ্চিতুমত্র তত্র বহুধা তৌ বভ্রমাঞ্চক্রতুঃ ॥ ৪৪ ॥

শ্রীব্রজেশ্বর্য্যা রচিতাং লালনাং দৃষ্ট্বা মাতৃম্মন্যানাং কৃত্যং বর্ণয়তি—জিঘ্রন্তীতি। তয়োঃ রামকৃষ্ণয়োঃ সুরভিণী সুগন্ধবিশিষ্টে শিরসী জিঘ্রন্তী তথা বাষ্পেণ অশ্রুজলেন আসিঞ্চতী তথা দৃগম্বুবলিতে নেত্রজলক্লিন্নে বদনে পশ্যন্ত্যপি মার্জ্জন্তী ইয়ং ব্রজেশ্বরী কল্পং কল্পকালং অল্পং মংস্যতে বর্ত্তমানসামীপ্যে লৃট। ইতি জ্ঞাত্বা তদা দেবক্যা সহ রোহিণী নির্ভরাদরতয়া নির্ভরোঽতিশয়ো য আদরস্তদ্ভাবতয়া তাং ব্রজেশ্বরীমঞ্চিতুং সম্মানয়িতুং বষ্টিস্ম কাময়ামাস ॥ ৪৩ ॥

